

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০

গণশুনানি ২০২২-২৩
বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন

স্থান: Radisson Blu Chattogram Bay View; তারিখ : ৮ ডিসেম্বর ২০২২ খ্রিঃ

টেলিযোগাযোগ সেবা ও নিয়ন্ত্রক সংস্থার কার্যক্রম শীর্ষক গণশুনানির-২০২২-২৩ এর প্রতিবেদন

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন ২০০১ এর ধারা ৮৭(১) এ গণশুনানি ও উহার পদ্ধতি সম্পর্কে উল্লেখ রয়েছে। উক্ত ধারা অনুযায়ী কমিশন প্রয়োজনবোধে গণশুনানির ব্যবস্থা গ্রহণ করতে পারবে। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন ২০০১ এর ধারা ৮৭(১) অনুযায়ী যথাযথ নিয়ম পদ্ধতি অনুসরণ করে গণশুনানি আয়োজন করা হয়েছে। “টেলিযোগাযোগ সেবা ও নিয়ন্ত্রক সংস্থার কার্যক্রম” শীর্ষক গণশুনানি ৮ ডিসেম্বর ২০২২ তারিখে চট্টগ্রামস্থ রেডিসন ব্লু চট্টগ্রাম বে ভিউ হোটেলে এবং অনলাইন প্ল্যাটফর্ম ‘জুম’ এ অনুষ্ঠিত হয়। উক্ত গণশুনানিতে বিটিআরসি’র লাইসেন্সধারী বিভিন্ন টেলিযোগাযোগ সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের দায়িত্বপ্রাপ্ত উচ্চ-পদস্থ কর্মকর্তাবৃন্দের উপস্থিতিতে বিটিআরসি’র চেয়ারম্যান, কমিশনার এবং কমিশনের সংশ্লিষ্ট বিভাগসমূহের মহাপরিচালকগণ নিবন্ধিত অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর এবং কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়ে মতামত প্রদান করেন। এছাড়াও টেলিযোগাযোগ সংশ্লিষ্ট সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থা, সেবা প্রদানকারী প্রতিষ্ঠান, ফোন ব্যবহারকারী, ভোক্তা অধিকার সংস্থা, পেশাজীবী, আইন প্রয়োগকারী সংস্থা, মোবাইল ফোন গ্রাহক এ্যাসোসিয়েশন, বিটিআরসি’র লাইসেন্সধারী বিভিন্ন প্রতিষ্ঠান ও তাদের এ্যাসোসিয়েশন সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দসহ সাধারণ ভোক্তাগণ গণশুনানিতে উপস্থিত ছিলেন।

গণশুনানি আয়োজনের বিজ্ঞপ্তি প্রকাশের পর বিটিআরসি’র ওয়েবসাইটে নিবন্ধন করেছিলেন অসম্পূর্ণ নিবন্ধন ৫৫৫ জনসহ সর্বমোট ৮৪৮ জন নিবন্ধন করেন। সঠিক প্রক্রিয়ায় নিবন্ধনকারী মোট ২৯৩ জন এর মধ্যে স্বশরীরে ১৮২ জন, অনলাইন প্ল্যাটফর্ম ‘জুম’ এ ৯৪ জন এবং উপস্থিতির ধরণ উল্লেখবিহীন এর সংখ্যা ছিল ১৭ জন। সঠিক নিবন্ধনকারীর মধ্যে স্বশরীরে ৩২ জন, জুম প্ল্যাটফর্মে ১২ জনকে চূড়ান্ত নির্বাচন করা হয়। চূড়ান্ত নির্বাচিত নিবন্ধিত অংশগ্রহণকারীর মধ্যে স্বশরীরে ৯ জন, ‘জুমে’ ৫ জন এবং তাৎক্ষণিকভাবে ফেসবুক লাইভে অংশগ্রহণকারীর মধ্যে ০৪ জনসহ মোট ১৮ জনের প্রশ্নের জবাব প্রদান করা হয়। ওয়েবসাইটের মাধ্যমে প্রেরিত প্রশ্নসমূহের মধ্যে মোবাইল অপারেটরদের দুর্বল নেটওয়ার্ক ও ইন্টারনেট স্পিড, বিভিন্ন প্যাকেজ (ভয়েস, ডাটা ব্যান্ডেল) এবং উহার মূল্য সম্পর্কে অভিযোগ ছাড়াও পে ফর ইউজ, সাইবার অপরাধ, মোবাইল ফোনে হুমকি, ফেসবুক ব্যবহারে নিরাপত্তা, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস, ফাইভ-জি, অ্যামেচার রেডিও সার্ভিস, মোবাইল নাম্বার পোর্টিবিলিটি, মোবাইল অপারেটরদের কলসেন্টারের মাধ্যমে সেবা সংক্রান্ত অভিযোগ এবং সংশ্লিষ্ট অন্যান্য টেলিকম সেবা প্রদানকারী লাইসেন্সিদের সেবা সম্পর্কিত বিষয়সমূহ অর্ন্তভুক্ত ছিল। গ্রাহকদের উত্থাপিত প্রশ্নাবলী এবং সম্পূর্ণক অন্যান্য সকল বিষয়সমূহ সময় স্বল্পতার কারণে উত্তর প্রদান করা সম্ভব না হলেও সময়ে সময়ে গ্রাহকদের চাহিদা অনুযায়ী তথ্য প্রদান করবে মর্মে কমিশন কর্তৃক গণশুনানিতে উপস্থিত সকলকে জানানো হয়।

গণশুনানি ২০২২ এ উত্থাপিত যে সকল প্রশ্নের জবাব মৌখিকভাবে প্রদান করা হয়েছে তা ধারাবাহিকভাবে নিম্নে তুলে ধরা হলোঃ

বিটিআরসি কর্তৃক আয়োজিত “টেলিযোগাযোগ সেবা ও নিয়ন্ত্রক সংস্থার কার্যক্রম” শীর্ষক বিষয়ে

"গণশুনানি-২০২২-২৩" এর প্রশ্ন ও উত্তর

স্থানঃ Radisson Blu Chattogram Bay View Hotel, তারিখঃ ০৮/১২/২০২২ খ্রিঃ

ক্রমিক নং	প্রশ্ন নং	উপস্থাপনকৃত প্রশ্ন/মন্তব্য	প্রদত্ত জবাব	সংশ্লিষ্ট বিভাগ	বাস্তবায়ন অগ্রগতি
০১	৪০৫	<p>(১) তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরকারী, স্বায়ত্তশাসিত ও বেসরকারী সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে তথ্য কর্মকর্তা নিয়োগ করার কথা বলা আছে। একই সাথে তাদের অফিসে এবং ওয়েবসাইটে উক্ত আইন এর অধীনে যে কোন তথ্য চেয়ে আবেদনের জন্য আবেদন করার জন্য একটি আলাদা ফিল্ড বা অপশন থাকে সাধারণত।</p> <p>বাংলাদেশের মোবাইল অপারেটর কোম্পানিগুলোর ওয়েবসাইটে এমন কোন তথ্য অধিকার বক্স পাওয়া যায় নাই। তাদের সাথে যোগাযোগ করা হলেও তারা এ ব্যাপারে কোন কিছু জানাতে পারে নাই। আমার মতে মোবাইল অপারেটর কোম্পানিগুলোকে তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে তথ্য প্রদানে নির্দেশনা প্রদান করলে গ্রাহক/নাগরিক তার সুনির্দিষ্ট তথ্য ও অভিযোগ লিখিতভাবে জানাতে পারবে। এবং আইন অনুযায়ী ২০ কর্মদিবসের মধ্যে অপারেটরগুলো গ্রাহকদের প্রয়োজনীয় তথ্য বা সমস্যার সমাধান না করতে পারলে আপীল করার ও সুযোগ থাকবে। এতে করে অপারেটরদের স্বচ্ছ জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হবে। একই সাথে গ্রাহক তার তথ্য অধিকার নিশ্চিত করতে পারবে।</p> <p>(২) মোবাইল অপারেটরগুলোর ন্যূনতম রিচার্জ ২০ টাকার</p>	<p>(১) নং প্রশ্নের জবাবে মহাপরিচালক এলএল মহোদয় বলেন, বিষয়টি তথ্য অধিকার কমিশন সংক্রান্ত। কোন ব্যক্তি তার নিজস্ব তথ্য (যেমনঃ নিজ সংযোগ/সেবা/ কল সম্পর্কিত ইত্যাদি) কোন অপারেটরের নিকট চাইলে সে তথ্য তিনি পেতে পারেন। তবে আইনানুগ এখতিয়ার ব্যতিরেকে অন্য কোন ব্যক্তির তথ্য কেউ পাবে না। নিজস্ব তথ্যের বিষয়ে কোন অপারেটর তথ্য প্রদানে অস্বীকৃতি জানালে বাংলাদেশ টেলিযোগাযোগ আইন এর ধারা ৫৯ অনুযায়ী কমিশনকে অবহিত করলে কমিশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।</p> <p>(২) নং প্রশ্নের বিষয়টি সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ সম্পর্কিত বলে মহাপরিচালক এলএল মহোদয় মহাপরিচালক এসএস মহোদয়কে উত্তর প্রদানের জন্য অনুরোধ করে। মহাপরিচালক এসএস মহোদয় জানান, প্যাকেজ এর বিষয়ে কমিশনের যে ডিরেক্টিভ আছে তাতে নির্দেশনা দেয়া আছে ১০/- থেকে ৩০/- টাকার মধ্যে যদি কোন প্যাকেজ অপারেটরেরা দেয় তাহলে তার মেয়াদ ১০ দিন হতে হবে। কমিশন অপারেটরদের এই নির্দেশনা দেয়নি যে, প্যাকেজ ১০ টাকা বা ২০ টাকা বা ৩০ টাকার হতে হবে। সাধারণত গ্রাহকের ডিম্যান্ডের উপর ভিত্তি করে অপারেটরেরা প্যাকেজ ডিজাইন করে থাকে। আগে মোবাইল অপারেটরেরা ১০ টাকা করে প্যাকেজ দিত। মাঝখানে একটা বিজ্ঞপ্তি দিয়ে এই প্যাকেজটা বাদ দিয়ে দেয়া হয়। কারণ তারা সার্ভে করে দেখেছে যে, এখন ১০ টাকা রিচার্জ করার গ্রাহকের সংখ্যা আগের তুলনায় অনেক কমে গেছে। কারণ গ্রাহক এখন অনেক বেশি ইন্টারনেট ব্যবহার করে, অনেক বেশি ডাটা ব্যবহার করে। ১০ টাকার</p>	LL/ SS	<p>(২) এ বিষয়ে ২৮/১২/২০২২ তারিখে অপারেটরদের সাথে সভা অনুষ্ঠিত হয়। অপারেটররা মার্কেট পর্যালোচনা করে প্রদর্শন করবে মর্মে অবহিত করে। অপারেটরদের মার্কেট পর্যালোচনায় দেখা যায় যে খুবই কম সংখ্যক গ্রাহক ১০ টাকা তথা ২০ টাকা কম এর রিচার্জ করে। অধিকাংশ গ্রাহকের মাসিক রিচার্জের পরিমাণ ২০ টাকার বেশি। সে প্রেক্ষিতে অপারেটরদের ন্যূনতম রিচার্জ ২০ টাকা করার বিষয়ে কনোবুপ বিধিনিষেধ আরোপ করা হয় নি। উল্লেখ করা যেতে পারে, ২০২৪ এর জানুয়ারিতে একটি অপারেটর ন্যূনতম রিচার্জ পরিমাণ বাড়িয়ে ৩০ টাকা করতে চাইলে বিটিআরসি হতে তাৎক্ষণিক নির্দেশ প্রদান করে তা বন্ধ করা হয়েছে। এ ব্যাপারে অপারেটর হতে পুনরায় ন্যূনতম রিচার্জ পরিমাণ বাড়ানোর অনুমোদন প্রদানের জন্য আবেদন করা হলেও জনগনের ক্রয় ক্ষমতার কথা বিবেচনায় রেখে বিটিআরসি</p>

		<p>পরিবর্তে ১০ টাকার পুনর্বহাল জরুরি। নিম্ন শ্রেণির মানুষ জনের অনেকের পক্ষে এটার নেতিবাচক প্রতিক্রিয়া দেখা যায়। আর এমন একপাক্ষিক সিদ্ধান্ত জনবান্ধব নয়। কেননা ১০ টাকা রিচার্জের বদলে ২০ টাকা রিচার্জ সীমা নির্ধারণ করার ফলে গ্রাহকের কোন উপকার বা বিশেষ কোন সুবিধা পাচ্ছে না বরং এর নেতিবাচক প্রভাব পড়ছে।</p> <p>আমি এসব ব্যাপারে আরও বিস্তারিত ভাবে উদাহরণসহ বলতে চাই, আমি সরাসরি গণশুনানিতে উপস্থিত হয়ে এই দাবি উপস্থাপন করতে চাই। দেশের একজন সচেতন নাগরিক ও বৃহৎ স্বার্থে ভোক্তা অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে আপনাদের অনুষ্ঠানে অংশগ্রহণের সুযোগ পেলে কৃতজ্ঞ থাকবো।</p>	<p>প্যাকেজ টা পপুলার না। তবে আমি কথা দিলাম যে সময় ১০ টাকার প্যাকেজ টা চালু ছিলো ওই সময়ের ৬ মাসের ডাটা আমরা সার্ভে করে দেখব। যদি দেখি সেটার চাহিদা ছিল তাহলে কমিশনের অনুমতি নিয়ে গ্রাহকের জন্য যেটা ভাল হয় সেই দিক বিবেচনায় রেখে কমিশন সিদ্ধান্ত নিবে।</p>		<p>হতে অদ্যাবধি অনুমোদন প্রদান করা হয় নি।</p>
০২	০৯	<p>১. চট্টগ্রামে ইনডোর নেটওয়ার্কের অবস্থা খুবই শোচনীয়। বিশেষ করে আমাদের বাসা বাড়িতে এবং আমরা যারা অফিসে গ্রাউন্ড ফ্লোরে কাজ করি বা ইনডোরে যখন কাজ করি তখন আমাদের নেটওয়ার্ক থাকে না সেটা জিপি, রবি, বাংলালিংক সবার ক্ষেত্রে খুবই খারাপ এবং আমি যদি সুনির্দিষ্টভাবে বলি জিএসি মোড়ে বাংলালিংক এর ফোরজি নেটওয়ার্ক থাকে না। আমার বাসা ফয়েজলেইক এ। আমার বাসায় ইনডোরে গ্রামীণফোনের সিগনাল একদাগ থাকে। ফলে আমার মোবাইলের ব্যাটারি চার্জ খুব দ্রুত শেষ হয়। রবির ক্ষেত্রে দেখা যায় আমরা সন্ধ্যার পর রবির ইন্টারনেট স্পিড পাই না, রাউজিং করা যায় না, খুবই স্লো থাকে এটা হচ্ছে আমার অভিযোগ।</p>	<p>(১) নং প্রশ্নের জবাবে মহাপরিচালক ইএন্ডও মহোদয় বলেন, আপনার প্রশ্নটি মূলত পুরো বাংলাদেশের জন্য প্রযোজ্য। এই বিষয়গুলো আরও এক থেকে দুই বছর আগেই বিটিআরসি'র নজরে এসেছে। বাংলাদেশের বিভিন্ন জায়গায় বেশকিছু পকেট আছে, যেখানে ব্যবহারকারীরা ঠিকমতো সার্ভিসগুলো পাচ্ছে না। সেক্ষেত্রে আমরা বেশকিছু উদ্যোগ নিয়েছি। বিশেষ করে এই বছরে একটা উদ্যোগের কথা উল্লেখযোগ্য। আগস্ট মাস জুড়ে সকল মোবাইল অপারেটরের সিস্টেমগুলোতে ইনস্পেকশন করে বিটিআরসি গ্রামীণফোনের ২০১৭টি, বাংলালিংকের ১৭৬০টি, রবির ১৬১১টি এবং টেলিটকের ৬০৬টি সাইট চিহ্নিত করেছে। চিহ্নিত সাইটসমূহ ওভারলোডেড হয়ে যাওয়ার ফলে সে সকল সাইটে অনেক কলড্রপ হয় বা মোবাইল অপারেটরগুলো মানসম্মত সার্ভিসটা দিতে পারছে না। সাইটসমূহের মধ্যে আপনার এলাকার সাইটও থাকতে পারে। মোবাইল অপারেটরদের আমরা</p>	E&O	<p>বাংলাদেশের বিভিন্ন জায়গায় বিভিন্ন কোডের নিয়ম না মেনে যত্রতত্র বিভিন্ন উচ্চতা ও ধরনের সুউচ্চ বিভিন্ন তৈরিসহ নানাবিধ কারণে মোবাইল নেটওয়ার্কের পকেট সৃষ্টি হয়। এর ফলে উক্ত স্থানে বসবাসকারী জনগণ বাসার ভিতরে মানসম্মত মোবাইল নেটওয়ার্ক প্রাপ্তিতে বাঁধাগ্রস্ত হয়। এছাড়াও, অপরিপূর্ণ সাইট ও স্পেসকট্রাম, সাইট পর্যায়ে পর্যাপ্ত অপটিক্যাল ফাইবার কানেক্টিভিটি, ডাটা কানেক্টিভিটির ক্ষেত্রে ৯০% এর অধিক PRB Utilization সম্পন্ন সাইট প্রভৃতি নানাবিধ কারণে গ্রাহক মানসম্মত মোবাইল নেটওয়ার্ক প্রাপ্তিতে বাঁধাগ্রস্ত হয়। গ্রাহক পর্যায়ে মোবাইল অপারেটর কর্তৃক মানসম্মত মোবাইল নেটওয়ার্ক নিশ্চিতকরণে বিটিআরসি হতে নিয়মিতভাবে মোবাইল অপারেটরদের স্থাপনা সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনের পরবর্তীতে মানসম্মত মোবাইল নেটওয়ার্ক প্রাপ্তির ক্ষেত্রে</p>

	<p>২. আর আমার কিছু সাজেশন থাকবে যে VOLTE সার্ভিসটি চালু করেছে সেটার জন্য বিটিআরসি কে ধন্যবাদ। কিন্তু VOLTE সার্ভিসটি টেলিটক এবং বাংলালিংক এখনো চালু করতে পারেনি। গ্রামীণফোন এবং রবি'র মধ্যে দেখা যায়, আমি গ্রামীণফোনের সবগুলো সেটে যদি VOLTE সার্ভিস ব্যবহার করতে পারি রবি-তে আবার ব্যবহার করতে পারি না। তাহলে একই সার্ভিস কেন দুইটা অপারেটরের ক্ষেত্রে ভিন্ন হবে? বিটিআরসির কাছে আমার অনুরোধ থাকবে বিশ্বের বিভিন্ন দেশের মত যেন যে কোন মোবাইল অপারেটরের সিম চালু করার সাথে সাথে ভোল্টি সার্ভিস অটোমেটিক্যালি এক্টিভেট হয়।</p> <p>ইনডোরের সমস্যা সমাধানের জন্য বিশেষ করে বড় বড় শহরগুলোতে যেখানে বিল্ডিং বেশি আমরা VoWifi চালু করতে পারি এবং ডিসেম্বরের মধ্যে ২৩০০ মেগাহার্টজ ও ২৫০০ মেগাহার্টজ ব্যান্ড এর স্পেকট্রাম সবার কাছে এলোক্যাট করার কথা। আমরা জানিনা চট্টগ্রাম এটা কি অবস্থায় আছে, আমরা এখন পর্যন্ত সেটার কোনো অগ্রগতি দেখিনি। এগুলো হচ্ছে আমার প্রশ্ন ধন্যবাদ।</p>	<p>তিন মাস সময় দিয়েছি। এই ডিসেম্বরের মধ্যে তাদের এই সাইটগুলো অ্যাড্রেস করতে হবে। নেটওয়ার্ক কাভারেজ এর সমস্যা সমাধানের জন্য মোবাইল অপারেটরদের রেডিও ইকুইপমেন্ট বাড়ানোর পাশাপাশি প্রয়োজনে সাইট এবং টাওয়ার সংখ্যা বাড়বে।</p> <p>Multi-storied বিল্ডিং, ইনডোর বা বেইজমেন্টে নেটওয়ার্কের সমস্যা সমাধানের জন্য আইবিএস সলিউশন নামে একটা সলিউশন আছে। আমরা সাধারণত মোবাইল অপারেটরদের এসোসিয়েশন (এমটব) কে নির্দেশনা প্রদান করি যাতে সকল মোবাইল অপারেটর মিলে একসাথে বিল্ডিং এর ভিতরের সমস্যাগুলো সমাধান করতে পারে। এ রকম সুনির্দিষ্ট কোন বিল্ডিং, মার্কেট, জনবহুল এলাকার বিষয়ে জানালে নেটওয়ার্কের সমস্যা সমাধানের জন্য বিটিআরসি হতে মোবাইল অপারেটরকে নির্দেশনা প্রদান করা হবে।</p>	<p>দ্রুতপূর্ণ সাইট/মাইক্রোওয়েভ লিংক সনাক্তকরণসহ কল-ড্রপের জন্য চিহ্নিত সাইটসমূহের ক্ষেত্রে বিটিআরসি হতে মোবাইল অপারেটরদের লক্ষ্যমাত্রার মান নির্ধারণ করা হয়। জুলাই, ২০২৩ খ্রিঃ বিটিআরসি গ্রামীণফোনের ৩৩০ টি, রবি'র ৪৬৩ টি, বাংলালিংকের ৭৫২ টি এবং টেলিটকের ৭২৩ টি সাইট চিহ্নিত করেছে। চিহ্নিত সাইটসমূহ ওভারলোডেড হওয়ার কারণে সে সকল সাইটে কলড্রপ বেশী হয়, ফলে মোবাইল অপারেটরগুলো মানসম্মত সার্ভিসটা দিতে পারছে না। মোবাইল অপারেটরদের তিন মাস সময় দেয়া হয়েছে। ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ এর মধ্যে মোবাইল অপারেটরদের এই সাইটগুলো অ্যাড্রেস করতে হবে। উল্লেখ্য, মোবাইল অপারেটরদের সাইটের মানোন্নয়নের লক্ষ্যে বিটিআরসি'র প্রদানকৃত টার্গেট একটি নিয়মিত প্রক্রিয়া, যার মাধ্যমে বিটিআরসি মোবাইল অপারেটরদের সার্বিক তত্ত্বাবধান ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রণয়ন করে থাকে।</p> <p>Multi-storied বিল্ডিং, ইনডোর বা বেইজমেন্টে নেটওয়ার্কের সমস্যা সমাধানের জন্য আইবিএস সলিউশন নামে একটা সলিউশন আছে। মোবাইল অপারেটররা সাধারণত নিজস্ব ব্যবস্থাপনা অথবা টাওয়ার-কো অপারেটরদের সহায়তায় বিল্ডিং এর ভিতরের সমস্যাগুলো সমাধানের লক্ষ্যে আইবিএস স্থাপনের কার্যক্রম গ্রহণ করে থাকে এবং বিটিআরসি'তে আবেদনের সাপেক্ষে আমরা আইবিএস স্থাপনের অনুমতি প্রদান করে থাকি। এ রকম সুনির্দিষ্ট কোন বিল্ডিং, মার্কেট, জনবহুল এলাকার বিষয়ে জানালে নেটওয়ার্কের সমস্যা সমাধানের জন্য বিটিআরসি হতে মোবাইল অপারেটরকে নির্দেশনা প্রদান করা হবে।</p> <p>০১। গ্রামীণফোন লিমিটেডকে ইতিমধ্যে VoWifi প্রযুক্তি ব্যবহারের জন্য নিম্নোক্ত শর্তাদি</p>
--	---	---	---

					<p>প্রতিপালন করার নির্দেশনা প্রদান করা হয়েছে:</p> <p>ক) গ্রামীণফোন লিমিটেড VoWifi সেবা প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে Voice interception এবং LI Compliance এর Certification কমিটির নিকট প্রদান করবে।</p> <p>খ) VoWifi প্রযুক্তি ব্যবহারের জন্য বর্তমানে ব্যবহৃত হ্যান্ড সেট সমূহ সক্ষমতা রয়েছে এ মর্মে Hand Set Manufacturer এর প্রত্যয়ন।</p> <p>উক্ত শর্তাদি প্রতিপালন করা সাপেক্ষে VoWifi প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে গ্রামীণফোন লিমিটেডকে বাণিজ্যিকভাবে VoWifi সেবা প্রদানের কার্যক্রমের অনুমোদন প্রদান করা হবে।</p> <p>০২। বাংলাদেশ ডিজিটাল কমিউনিকেশনস লিমিটেড'কে উপরোক্ত শর্তাদি পূরণ এবং কমিশনে Proof of Concept (PoC) করার নির্দেশনা প্রদান করা হয়েছে।</p>
০৩	৪৬৮	Member companies of Marine Fisheries Association has been faced problem for getting allotment of frequency, call sign and renewal of license for their Fishing Trawlers. We talk to about this matter on Public Hearing.	টেলিযোগাযোগ আইন অনুযায়ী স্পেকট্রাম ম্যানেজমেন্ট কমিটি সভার সুপারিশ অনুযায়ী নিরাপত্তা ছাড়পত্র গ্রহণ করে কমিশনের অনুমোদনক্রমে ফিশিং নৌযানের তরঙ্গ বরাদ্দ, কলসাইন এবং রেডিও সার্ভিস লাইসেন্স প্রদান করা হতো। লাইসেন্স প্রদানের বিষয়টিকে ত্বরান্বিত করার জন্য কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী নিরাপত্তা বিষয়ক মতামত ব্যতীত অন্যান্য প্রয়োজনীয় শর্ত পূরণ সাপেক্ষে তরঙ্গ বরাদ্দ, কলসাইন এবং রেডিও সার্ভিস লাইসেন্স প্রদান করা হয় এবং একই সাথে নিরাপত্তা ছাড়পত্রের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। বিষয়টিকে আরও ত্বরান্বিত করার জন্য সম্প্রতি নৌবাণিজ্য অধিদপ্তর কর্তৃক নিরাপত্তা ছাড়পত্র সনদ গ্রহণ সাপেক্ষে কমিশনে আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এর ফলে ফিশিং নৌযান প্রতিষ্ঠানসমূহের জন্য তরঙ্গ বরাদ্দ,	SM	<p>টেলিযোগাযোগ আইন অনুযায়ী স্পেকট্রাম ম্যানেজমেন্ট কমিটি সভার সুপারিশ অনুযায়ী নিরাপত্তা ছাড়পত্র গ্রহণ করে কমিশনের অনুমোদনক্রমে ফিশিং নৌযানের তরঙ্গ বরাদ্দ, কলসাইন এবং রেডিও সার্ভিস লাইসেন্স প্রদান করা হতো। লাইসেন্স প্রদানের বিষয়টিকে ত্বরান্বিত করার জন্য কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী নিরাপত্তা বিষয়ক মতামত ব্যতীত অন্যান্য প্রয়োজনীয় শর্ত পূরণ সাপেক্ষে তরঙ্গ বরাদ্দ, কলসাইন এবং রেডিও সার্ভিস লাইসেন্স প্রদান করা হয় এবং একই সাথে নিরাপত্তা ছাড়পত্রের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। বিষয়টিকে আরও ত্বরান্বিত করার জন্য সম্প্রতি নৌ বাণিজ্য অধিদপ্তর কর্তৃক নিরাপত্তা ছাড়পত্র সনদ গ্রহণ সাপেক্ষে কমিশনে আবেদন করার</p>

			কলসাইন এবং রেডিও সার্ভিস লাইসেন্স এর আবেদন প্রাপ্তির ০৩-০৫ কার্যদিবসের মধ্যে কলসাইন, তরঙ্গ এবং রেডিও স্টেশন লাইসেন্স প্রদানের নিমিত্ত ডিমাল্ড নোট প্রেরণ করা হয় এবং ডিমাল্ড নোটের রাজস্ব প্রাপ্তি সাপেক্ষে কলসাইন, তরঙ্গ এবং রেডিও স্টেশন লাইসেন্স প্রদান করা হয়।		সিদ্ধান্ত গৃহীত হয়। এর ফলে ফিশিং নৌযান প্রতিষ্ঠানসমূহের জন্য তরঙ্গ বরাদ্দ, কলসাইন এবং রেডিও সার্ভিস লাইসেন্স এর আবেদন প্রাপ্তির ০৩-০৫ কার্যদিবসের মধ্যে কলসাইন, তরঙ্গ এবং রেডিও স্টেশন লাইসেন্স প্রদানের নিমিত্ত ডিমাল্ড নোট প্রেরণ করা হয় এবং ডিমাল্ড নোটের রাজস্ব প্রাপ্তি সাপেক্ষে কলসাইন, তরঙ্গ এবং রেডিও স্টেশন লাইসেন্স প্রদান করা হয়।
০৪	৪৯৪	অনেক সময় দেখা যায় আমি কোন একটা পরিমাণ টাকা রিচার্জ করি, তা কোন কনফার্মেশন এসএমএস ছাড়া এমবি অথবা মিনিট প্যাকেজ চালু হয়ে যায় যা আমার প্রয়োজন নাও হতে পারে এক্ষেত্রে রিচার্জ করার পর একটা কনফার্ম মেসেজ আসলে তখন আমি চাইলে সেটা কনফার্ম করবো অথবা ক্যানসেল করার সুযোগ থাকা প্রয়োজন মনে করি। এ বিষয়ে কর্তৃপক্ষের প্রয়োজনীয় ব্যবস্থা কামনা করি। ধন্যবাদ	মোবাইল অপারেটরসমূহে গ্রাহককে বিশেষ অফারসমূহ যেমনঃ স্পেশাল ডাটা প্যাকেজ, ভয়েস প্যাকেজ, রোট কাটার প্যাকেজ, এসএমএস বান্ডেল ইত্যাদি যাতে রিচার্জের মাধ্যমেই অপট ইন করতে পারে সেরূপ সুবিধা রাখে। কোন গ্রাহক উক্ত প্যাকেজের জন্য নির্ধারিত নির্দিষ্ট পরিমাণ টাকা রিচার্জ করলে গ্রাহক উক্ত রিচার্জ পরিমাণের সাথে নির্দিষ্ট প্যাকেজ ক্রয় করতে ইচ্ছুক মর্মে অবহিত প্রতীয়মান হয় এবং গ্রাহককে উক্ত প্যাকেজে অপট ইন করা হয় এবং এসএমএস প্রদান করা হয়। রাউন্ড ফিগারে (৫ এর গুণিতক) টাকা রিচার্জ করলে যাতে অনাকাঙ্খিত প্যাকেজ এ অপট ইন না হয়, সেজন্য বিটিআরসি হতে রিচার্জ অফারসমূহ রাউন্ড ফিগারে না রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে। (এটা নিয়ে আমরা কাজ করব। ভাল কিছু সমাধান করব।)	SS	এ ব্যাপারের মহাপরিচালক (এসএস) মহোদয় গণশুনানিতে উল্লেখ করেছেন রাউন্ড ফিগারে (৫ এর গুণিতক) টাকা রিচার্জ করলে অনাকাঙ্খিত প্যাকেজ চালু হবার কোন সম্ভাবনা নেই। তদুপরি, ২৮/১২/২০২২ তারিখে অপারেটরদের সাথে সভায় অন্যান্য পরিমাণের রিচার্জের ক্ষেত্রেও গ্রাহকের অনুমোদনের বিষয়ে আলোচনা হয়েছে। গ্রাহকের যাতে অনাকাঙ্ক্ষিতভাবে কোন প্যাকেজ চালু না হয় সেজন্যই অপারেটরগণ বর্তমানে বিভিন্ন odd number demo'তে প্যাকেজ ডিজাইন করছে।
০৫	৫৫৫	টেলিযোগাযোগ জব সেক্টর খুবই কম, এটি আরো বাড়ানো উচিত। টেলিযোগাযোগ সেবা কেন্দ্রগুলোকে জেলা ভিত্তিক করা। যেন স্টুডেন্টদের জন্য আরো বেশি কর্মসংস্থান বাড়ে।	কমিশনার এলএল মহোদয় বলেন, একুশ শতকের বিশ্বায়নের যুগে চাকুরির সুযোগ বিশ্বের সাথে তাল মিলিয়ে বেড়েছে। আর বিটিআরসি নতুন নতুন সেবা প্রবর্তনের মাধ্যমে টেলিকম সেক্টরে যেন জব ফ্যাসিলিটি বাড়ে সেই জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি বলেন, এ বিষয়ে আপনাকে কিছু তথ্য দিতে চাই। গত ৩০-০৯-২২ তারিখের তথ্য মোতাবেক কমিশন হতে মোট ২৭ টি ক্যাটাগরিতে ৩৫৭৩টি প্রতিষ্ঠান কে লাইসেন্স প্রদান করা হয়েছে। যারা টেলিকমের বিভিন্ন সেক্টরে জাতীয়, বিভাগীয়, জেলা, থানা পর্যায়ে বিপুল কর্ম সংস্থান তৈরী করেছে। সেইগুলিতে চাকুরির সুযোগ সুবিধা বেড়েছে। একই সাথে আমাদের	LL	নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে লাইসেন্স প্রাপ্তির জন্য দাখিলকৃত আবেদনকারীদের অনুকূলে যথাযথ প্রক্রিয়া অনুসরণ পূর্বক লাইসেন্স প্রদান কার্যক্রম চলমান রয়েছে।

			<p>আইএসপি লাইসেন্স থানা থেকে জাতীয় পর্যায়ে পর্যন্ত কাজ করছে এবং তাতে প্রচুর মানুষ কাজের সুযোগ পেয়ে আসছে।</p> <p>আর আপনি জানেন যে, ইন্টারনেটের প্রসার বাড়ার সাথে সাথে দেশে বসেই এখন দেশের বাইরের কর্ম সংস্থানের সুযোগ তৈরী হয়েছে। আমরা ইনোভেটিভ চিন্তা করছি কিভাবে নতুন নতুন সেবা খাত আরও বাড়ানো যায়। আর এর মাধ্যমে কিভাবে আরো বিপুল মানুষের কর্ম সংস্থান বাড়ানো যায়। এ বিষয়ে আমরা আশাবাদী এবং আপনার নিরাশ হবার কিছু নেই।</p> <p>এ সময় চেয়ারম্যান বিটিআরসি মহোদয় বলেন, আমি আমাদের কমিশনার এলএল মহোদয়ের সাথে একটু সাল্লিমেন্ট করি, আমি যখন টেলিযোগাযোগ বিভাগের সচিব ছিলাম, তখন ডেফোডিল ইউনিভার্সিটি একটি খুব সুন্দর ইনিশিয়েটিভ নিয়েছিল। সেটি ছিল আইসিটি সেক্টরে আমাদের কর্ম সংস্থানের কি অবস্থা সেটার উপর একটি গবেষণার। আমাদের এলএল কমিশনার একটি সুন্দর উত্তর দিয়েছেন যাতে কি ক্ষেত্র তৈরী হয়েছে তা বলেছেন। কিন্তু তাতে কি পরিমান বা কতো পার্সেন্ট জব আছে সেই তথ্য আমরা দিতে পারিনি। সেই প্রসঙ্গে আমরা বলতে চাই, ডেফোডিল সেই ইনিশিয়েটিভ নিয়েছিল ২০১৭ তে। আমি তখন সেই গবেষণার একজন উপদেষ্টা হিসেবে ছিলাম। তারা ওই গবেষণায় একটা পরিসংখ্যান দেখিয়েছে যে আইসিটি সেক্টরের কোন কোন জায়গায় কোন কোন সাজেট এ কর্ম সংস্থান বিদ্যমান। টেলিকম সেক্টরের এখনো এমন কিছু বের করা হয়নি। আমি মনে করি যদি কোন সংস্থা, বা কোন বিশ্ববিদ্যালয় এমন কোন গবেষণা করতে এগিয়ে আসে আমার পক্ষ থেকে আমি সর্বাত্মক সহযোগিতা করতে প্রস্তুত আছি। এটা করা দরকার। তাতে আমাদের যারা শিক্ষার্থী আছে তাদের কাছে সুনির্দিষ্ট তথ্য থাকবে যে আমাদের এই সেক্টরে কতটা জব আছে। যেমন টেলিকম সেক্টরের যে ২৭ টা সার্ভিসের কথা</p>	
--	--	--	--	--

			বললেন কোন সার্ভিসে কতোটা জব আমাদের আছে তা বোঝা সম্ভব। এই তথ্য গুলো যদি আমরা আমাদের শিক্ষার্থীর কাছে দিতে পারি তাহলে তারা উৎসাহিত হবেন, আশ্বস্ত হবেন এবং এই সব সাজেস্ট পড়ার সময় তারা সেই ভাবে নিজেদের প্রস্তুত করতে পারবেন। আমি এই প্রশ্নটা করার জন্য জনাব আশেক চৌধুরীকে আমার পক্ষ থেকে ধন্যবাদ দিচ্ছি। পাশাপাশি আমি অনুরোধ করব যদি কোন সংস্থা সেটা সরকারী হোক বা বেসরকারী হোক কিংবা বিশ্ববিদ্যালয় হোক তারা যদি এই বিষয়ে গবেষণার জন্য এগিয়ে আসে আমরা বিটিআরসি থেকে সহযোগিতা করব।		
০৬	৭৯৬	<p>(১) A lot of Call drop.</p> <p>(২) আমি একজন অ্যামেচার রেডিও অপারেটর। অ্যামেচার রেডিও লাইসেন্স রিনিউ করতে প্রতিবার ঢাকা যেতে হয়। লাইসেন্স নবায়ন করার সময় লাইসেন্স এর মূল কপিও ঢাকা নিয়ে যেতে হয়। চট্টগ্রাম থেকে লাইসেন্স রিনিউ করার ব্যবস্থা করলে ভালো হয়। অ্যামেচার রেডিও এর পরীক্ষা প্রতি বছর নেওয়ার জন্য কমিশনকে অনুরোধ করছি।</p> <p>(৩) মাসিক রবি থেকে আমরা যে প্যাকেজ নিচ্ছি, আমি এই মাসে একটা প্যাকেজ নিচ্ছি ৫০ জিবি ইন্টারনেট ১০০০ মিনিট কিংবা ৭০০ মিনিট ৪ জিবি ইন্টারনেট। তার পরের মাসে যখন প্যাকেজ নিতে যাই, সেই প্যাকেজ আর খুজে পাওয়া যায় না। সেটা পরিবর্তন হয়ে যায়।</p>	<p>প্রশ্নকর্তা অনলাইন রেজিস্ট্রেশনের সময় যে প্রশ্ন করেছিলো, স্ব-শরীরে উপস্থিত হয়ে ভিন্ন প্রশ্ন করেছে। ফলে চেয়ারম্যান মহোদয় প্রশ্নকর্তাকে ১টি প্রশ্ন করার জন্য অনুরোধ করলে তিনি অ্যামেচার রেডিও ও পরীক্ষা সংক্রান্ত প্রশ্নটি করেন, যা এসএম বিভাগ সংশ্লিষ্ট এবং অপর আর একটি প্রশ্ন এসএস বিভাগ সংশ্লিষ্ট হওয়ায়, এসএস বিভাগের মহাপরিচালক মহোদয় সেই প্রশ্নের উত্তর প্রদান করেন।</p> <p>(২) অ্যামেচার রেডিও লাইসেন্স গ্রহণের জন্য কমিশন কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হলে Amateur Radio License and Call sign প্রদান করা হয়। নিম্নে অ্যামেচার রেডিও লাইসেন্স সংক্রান্ত বর্তমান চিত্র সম্পর্কে আপনাদেরকে একটি সুস্পষ্ট ধারণা দেয়ার চেষ্টা করছি।</p> <p>Group Exam Date/Year Result Published Date Total Examinee Total Passed Total Licensee</p> <p>Old 2003 - 233 76 168* 2008 - 114 73 2015 09-11-2013 17-06-2015 166 147 75 2017 19-08-2017 03-12-2017 210 177 108 2018 08-12-2018 27-12-2018 266 198 76 BTRC Official - - p - 3 Total 671 430</p>	E&O/ SM/ SS	<p>প্রশ্নকর্তা অনলাইন রেজিস্ট্রেশনের সময় যে প্রশ্ন করেছিলো, স্ব-শরীরে উপস্থিত হয়ে ভিন্ন প্রশ্ন করেছে।</p> <p>(২) গত ১২/০৫/২০২৩ ইং তারিখে ৩৮১ জন পরীক্ষার্থীর অ্যামেচার রেডিও লাইসেন্স পরীক্ষা গ্রহণ করা হয়। উক্ত পরীক্ষায় ৩৪৯ জন পরীক্ষার্থী কৃতকার্য হয় এবং সার্টিফিকেট প্রদান করত লাইসেন্স প্রদানের কার্যক্রম সম্পন্ন হয়েছে।</p> <p>(৩) "কমিশন হতে গ্রাহকের অভিযোগটি নিয়ে পর্যালোচনা করা হয় এবং সংশ্লিষ্ট অপারেটরের কাছে অভিযোগের ব্যাপারে লিখিত ব্যাখ্যা চাওয়া হলে অপারেটর বলেন যে, বাজারে প্রতিযোগিতামূলক প্রকৃতির কারণে প্যাকেজগুলিতে মাঝে মাঝে পরিবর্তন আনা হয়। যেকোনো প্যাকেজ পরিবর্তনের আগে অপারেটর হতে গ্রাহকদের ন্যূনতম ৩টি স্কুদেবার্তা পাঠানো হয় এবং যেকোন প্যাকেজ পরিবর্তন বা বন্ধ করার সময় গ্রাহকদের পরিবর্তিত নতুন প্যাকেজ অথবা যে</p>

			<p>আগ্রহী প্রার্থীদের নিকট থেকে অথবা বাংলাদেশ অ্যামেচার রেডিও লীগ থেকে পরীক্ষা গ্রহণের অনুরোধ পাওয়া গেলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।</p> <p>(৩) নং প্রশ্নের জবাবে মহাপরিচালক এসএস মহোদয় বলেন, এইটা হওয়ার কথা না। রবিকে আপনাকে জানাতে হবে এই প্যাকেজটা আর বহাল থাকবে না। আমরা যেটা প্যাকেজ পলিসি করেছি প্রত্যেকটা প্যাকেজ এর একটা ১০ ডিজিট আলফা নিউমেরিক আইডি আছে। আপনি যেই প্যাকেজ নিবেন সেই প্যাকেজ এর একটা নাম্বার আছে ১০ ডিজিট এর। ডাটা ক্যারি ফরওয়ার্ড এর ক্ষেত্রে আমরা গ্রাহকদের জন্য যেটা করেছি, একটি প্যাকেজের ৪টি ভিন্ন মেয়াদ থাকে। এই বিভিন্ন ৪ টা ডিওরেশন এর মধ্যে যে মেয়াদ নেন। এটা আবশ্যই ক্যারি ফরওয়ার্ড হবে, না হওয়ার কোনো কারণ নাই। আপনারা যদি কোন অভিযোগ দেখাতে পারেন যে, একই প্যাকেজ কিন্তু ডেটা ক্যারি ফরওয়ার্ড হয়নি, আমরা কোর নেটওয়ার্ক চেক করবো, প্রত্যেকটা অপারেটর এর ডিটেইল ডাটা চেক করব। আমরা সেই অপারেটর এর বিরুদ্ধে অবশ্যই ব্যবস্থা গ্রহণ করব। এই গণশুনানির পর আপনি আমার সাথে সরাসরি যোগাযোগ করবেন।</p>		<p>প্যাক ক্রয় করলে ডেটা carryforward হবে সেই সুযোগ দেওয়া হয়। এছাড়াও গ্রাহকরা অপারেটরের কল সেন্টারে কল করতে পারেন এবং প্যাকেজ সম্পর্কিত যেকোন প্রশ্নের সমাধান পেতে পারেন।"</p>
০৭	১৭১	<p>When we buy internet package, after consuming the full package, it switches automatically to pay per use which deducts money from the main balance which is unwanted and the cost is higher than buying internet packages for the amount of data given. Therefore automatically switching to pay per use should be stopped and when the whole internet package is</p>	<p>ইন্টারনেটের প্যাক শেষ হওয়ার পূর্বে মোবাইল অপারেটরসমূহ গ্রাহককে এসএমএস এর মাধ্যমে ডাটা ব্যাল্যাপস সম্পর্কে অবহিত করেন। মোবাইল ইন্টারনেট প্যাকেজ শেষ হওয়া মাত্র গ্রাহকের নিরবিচ্ছিন্ন ইন্টারনেট ব্যবহারের সুবিধার্থে ৫ (পাঁচ) টাকা পর্যন্ত (ভ্যাট ও এসডি প্রযোজ্য) ইন্টারনেট ব্যবহারের সুযোগ রাখা হয়েছে, যার চার্জ মোবাইল এর ব্যালেন্স থেকে কর্তন করা হয়। যদি এর কোন ব্যত্যয় হয় তবে গ্রাহক উপযুক্ত প্রমাণসহ বিটিআরসিতে অভিযোগ করলে এবং এর সত্যতা প্রমাণিত হলে দায়ী অপারেটরের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।</p>	SS	<p>এ ব্যাপারের মহাপরিচালক (এসএস) মহোদয় গণশুনানিতে উল্লেখ করেছেন গ্রাহকের নিরবিচ্ছিন্ন ইন্টারনেট ব্যবহারের কথা বিবেচনা করে পে পার ইউস সুবিধা রাখা হয়েছে। তদুপরি, ২৮/১২/২০২২ তারিখে অপারেটরদের সাথে সভায় এ বিষয়ে গ্রাহক সম্মতি গ্রহণের বিষয়ে আলোচনা হয়েছে। ইতিমধ্যে একটি অপারেটর তাদের অ্যাপে ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে গ্রাহক সম্মতি গ্রহণের ব্যবস্থা রেখেছে। অন্যান্য অপারেটর প্যাকেজ চালুর ক্ষেত্রে পেপার ইউস থাকবে কিনা এরূপ সম্মতি গ্রহণ সাপেক্ষে প্যাকেজ চালু করছে।</p>

		consumed, internet connection should disconnect immediately to save unwanted expense.			
০৮	মুঠো ফোন এসোসি যেশনের ৫ নং প্রশ্ন	আপনারা এক দেশ এক রেট করেছেন সেজন্য সাধুবাদ জানাই। আপনারা বলেছেন যে, ISP যদি গ্রাহকের সেবার মান ভাল না দেয় তাহলে গ্রাহক যেন টাকা না দেয়। কিন্তু স্থানীয় পর্যায়ে লোকাল ম্যাসেলম্যান এবং বিভিন্ন ব্যক্তির অবৈধ ISP থাকার কারণে গ্রাহকরা কিন্তু তাদের সাথে পেরে উঠছে না। এই বিষয়টি কমিশনকে দেখার অনুরোধ করছি।	মহাপরিচালক এসএস মহোদয় জানান, লোকাল ম্যাসেলম্যান যেন ঐ রকম ভাবে প্রভাব বিস্তার করতে না পারে সে জন্য বিটিআরসি থেকে মাননীয় চেয়ারম্যান স্যার এর পক্ষ থেকে সকল ডিসি, ইউএনও এবং পুলিশের কাছে চিঠি দেওয়া হয়েছে। যেন এক দেশ এক রেট সফলভাবে প্রতিপালন করা হয়। আমরা অবশ্যই গ্রাহকদের পক্ষে কাজ করব। এক দেশ এক রেট শুধু আইএসপিদের জন্য না। আইআইজি তাদের জন্য এক দেশ এক রেট। তাদেরকে একটা ফ্লোর এবং একটা সিলিং দেওয়া হয়েছে। বাংলাদেশের যে কোন প্রান্তে আইআইজি যে ট্যারিফ নিবে সেই ফ্লোর এবং সিলিং এর মধ্যে নিতে হবে। ফ্লোর এর নিচেও যেতে পারবে না, সিলিং এর বাইরেও যেতে পারবে না। NTTN এর জন্যও ৪টা ক্যাটাগরিতে এক দেশ এক রেট করা হয়েছে।	SS	বাস্তবায়িত
০৯	মুঠো ফোন এসোসি যেশনের ৮ নং প্রশ্ন	১। গ্রাহকের সেবার মান নিয়ে বিস্তার অভিযোগ রয়েছে। আমরা শুধু মোবাইল অপারেটরদের কথা বলি এবং মোবাইল অপারেটরদের জবাবদিহিতায় আনতে চাই। কিন্তু এ সেবার সাথে ইকো সিস্টেমের প্রায় ১২১টি প্রতিষ্ঠান রয়েছে। আমরা কি শুধু মোবাইল অপারেটরদের দোষারোপ করবো নাকি কমিশনের লাইসেন্সধারী এই ১২১টি প্রতিষ্ঠানকে জবাবদিহিতার আওতায় আনবো তা নিশ্চিত করার জন্য কমিশনকে অনুরোধ করা যায়। ২। ভ্যালু চেইন এর ১২১টি প্রতিষ্ঠানের মধ্যে বিশেষ করে Tower co, ICX, NTTN, IGW, Sub Marine Cable কোয়ালিটি	মহাপরিচালক (ইএন্ডও)মহোদয় বলেন আমরা ITU, 3GPP এর Recommendation উপর ভিত্তি করে রেগুলেশন করে থাকি। জনগণের সাথে সরাসরি সম্পৃক্ত Access Network Service (ANS) অপারেটরগণ কতটুকু মানসম্মত সেবা প্রদান করবে সে বিষয়ে ITU, 3GPP এর Recommendation গুরুত্বের সাথে উল্লেখ করা হয়েছে। তাই বিটিআরসি হতে ২০১৮ সালে সর্বপ্রথম যে রেগুলেশন জারি করা হয়েছে সেখানে শুধুমাত্র মোবাইল অপারেটর এবং আইএসপিদের কোয়ালিটি অফ সার্ভিসের বিষয়টি উল্লেখ ছিলো। সময়ের পরিক্রমায় আমাদের অনুধাবন হয়েছে যে, পূর্বের রেগুলেশনটি সংশোধন প্রয়োজন এবং সংশোধনের উদ্যোগ নেওয়া হয়েছে যার কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে। আমরা ইতোমধ্যে স্টেকহোল্ডারদের কাছ থেকে মতামত নিয়েছি এবং আপনাদের (গ্রাহকের)	E&O	ITU, 3GPP এর Recommendation উপর ভিত্তি করে রেগুলেশন করে থাকি। জনগণের সাথে সরাসরি সম্পৃক্ত Access Network Service (ANS) অপারেটরগণ কতটুকু মানসম্মত সেবা প্রদান করবে সে বিষয়ে ITU, 3GPP এর Recommendation গুরুত্বের সাথে উল্লেখ করা হয়েছে। তাই বিটিআরসি হতে ২০১৮ সালে কোয়ালিটি অব সার্ভিস সংক্রান্ত সর্বপ্রথম যে রেগুলেশন জারি করা হয়েছে সেখানে শুধুমাত্র মোবাইল অপারেটর এবং আইএসপিদের কোয়ালিটি অফ সার্ভিসের বিষয়টি উল্লেখ ছিলো। সময়ের পরিক্রমায় আমাদের অনুধাবন হয়েছে যে, পূর্বের রেগুলেশনটি সংশোধনের জন্য E&O বিভাগে একটি কমিটি হয়েছে এবং কমিটির কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে।

	<p>দেওয়ার ক্ষেত্রে যে দ্বিপাক্ষিক চুক্তি হয়েছে এরা সবাই আপনাদের লাইসেন্সি প্রতিষ্ঠান।</p> <p>বিটিআরসি'র দায়িত্ব রেগুলেশনের কোয়ালিটি মনিটরিং করা এবং নিশ্চিত করা। আমরা বিটিআরসি'র কোন উদ্যোগ লক্ষ্য করিনি। আমরা বার বার বলেছি যে, মধ্যস্থতভোগী যে প্রতিষ্ঠান আছে তাদেরকে জবাবদিহিতার আওতায় আনা কারণ জনগণ জানে না মাঝখানে যারা গেইম খেলছে (প্লেয়ার) তারা কারা। এদেরকে কিভাবে সামনে আনা যায় এবং জবাবদিহিতা নিশ্চিত করা যায়। যদি তাদের জবাবদিহিতা নিশ্চিত করা না যায় এবং রেগুলেশন ঠিকমত না করা গেলে সেবার মান পুরোপুরি দেওয়া মোটেও সম্ভব হবে না বলে আমরা মনে করি।</p> <p>৩। সম্পূরক প্রশ্ন: রাড়, বৃষ্টিসহ প্রাকৃতিক দুর্যোগপ্রবণ আমাদের দেশ। এখানে ৬৫% অপটিক্যাল ফাইবার যদি ওভারহেড থাকে তাহলে আমরা কোয়ালিটিফুল সেবা পাবো না। এ ক্ষেত্রে কমিশনের দৃষ্টি আকর্ষণ করছি।</p>	<p>ফিডব্যাক নেওয়ার জন্য ওয়েবসাইটে শীঘ্রই প্রকাশ করা হবে।</p> <p>ANS অপারেটরগণ প্রান্তিক জনগণের সাথে সরাসরি সম্পৃক্ত। সে বিবেচনায় ITU এবং 3GPP এর স্ট্যান্ডার্ডে ANS অপারেটরের কোয়ালিটি অফ সার্ভিস এর উপর জোর দেওয়া হয়েছে। বিটিআরসি কর্তৃক ২০১৮ সালে রেগুলেশন তৈরি করা হয়েছে। উক্ত রেগুলেশনে শুধুমাত্র মোবাইল অপারেটর এবং আইএসপি অপারেটর এর কোয়ালিটি অফ সার্ভিসের বিষয়টি উল্লেখ ছিলো। সময়ের পরিক্রমায় আমার অনুধাবন হয়েছে যে রেগুলেশনটি সংশোধন করা প্রয়োজন। ইতোমধ্যে রেগুলেশনটি সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সংশোধনের কাজ প্রায় শেষ পর্যায়ে। আমরা স্টেকহোল্ডারদের থেকে ফিডব্যাক নিয়েছি। আপনাদের (গ্রাহকের) মতামত নেয়ার জন্য উহা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।</p> <p>Towerco, ICX, NTTN, IGW, Sub Marine Cable প্রতিষ্ঠান সংক্রান্ত আপনার মতামতটি আমরা গ্রহণ করেছি। আমরা যখন MNO এবং ISP সমূহের কোয়ালিটি সেবা প্রদানের জন্য বলি তখন তারা Towerco, ICX, NTTN, IGW, Sub Marine Cable প্রতিষ্ঠানগুলো থেকে সেবা না পাওয়ার কথা বলে। তবে আমাদের একটি মনিটরিং সিস্টেম আছে। যখন প্রতিষ্ঠানগুলো পরস্পরের সাথে নির্ধারিত Standard অনুযায়ী Service Level Agreement (SLA) করে। বিটিআরসি SLA গুলো ভেটিং করে দিচ্ছে। যেমন Towerco এবং MNO বা Towerco এবং ISP এর মধ্যে সম্পাদিত চুক্তির সমস্ত SLA বিটিআরসি ভেটিং করে দিচ্ছে।</p> <p>দ্বিপাক্ষিক চুক্তির মাধ্যমে সেবা গ্রহীতা যেন নির্ধারিত SLA অনুযায়ী সেবা বুঝে নিতে পারে এবং বিটিআরসি'র বেধে দেওয়া Standard অনুযায়ী প্রান্তিক কাস্টমার কে সেবা দিতে বাধ্য</p>	
--	---	---	--

			<p>হয়। বিটিআরসি মনিটরিং করছে না মর্মে আপনার কথাটা সত্য নয়।</p> <p>ভাইস চেয়ারম্যান মহোদয়ের সম্পূরক উত্তর:</p> <p>মহাপরিচালক (ইএন্ডও) ইতোমধ্যে আপনার প্রশ্নের উত্তর দিয়েছে। দুটি প্রতিষ্ঠানের (MNO এবং ISP) মাধ্যমে মূলত গ্রাহক সেবা পাচ্ছে। MNO এবং ISP ছাড়া বাকি প্রতিষ্ঠানসমূহ বিহাইন্ড দ্যা সিন। একটি নেটওয়ার্কের জন্য বিহাইন্ড দ্যা সিন কত ফ্যাক্টর থাকে তা সাধারণ গ্রাহকরা বুঝবে না। তবে মোবাইল অপারেটর এবং Towerco, ICX, NTTN, IGW, Sub Marine Cable প্রতিষ্ঠানগুলোর মধ্যকার সম্পাদিত Service Level Agreement (SLA) মূলত প্রান্তিক গ্রাহককে কোয়ালিটিফুল সেবা প্রদান করার জন্য করা হয়। উক্ত SLA টি বিটিআরসি হতে ভেটিং করে দেওয়ার ক্ষেত্রে কোন আপোস করা হয় না। SLA অনুযায়ী Towerco, ICX, NTTN, IGW, Sub Marine Cable প্রতিষ্ঠানসমূহ সেবা দিচ্ছে না তা ISP এবং মোবাইল অপারেটরদের বলার সুযোগ নেই।</p> <p>চেয়ারম্যান মহোদয়ের সম্পূরক উত্তর:</p> <p>সম্পূরক প্রশ্নের বিষয়ে চেয়ারম্যান মহোদয় প্রশ্নকর্তার সাথে একমত প্রদান করেন। এটা অনেকদিন আগে থেকেই শুধু বিটিআরসি নয় ডিএনসিসি মিটিং এর সিদ্ধান্ত ছিলো। এখনো সে সিদ্ধান্ত আছে। কিন্তু বাস্তবায়নের হার তা আশাব্যঞ্জক নয়। আপনি প্রথম দিকে বলতেন মোবাইল ফোন অপারেটররা আমাদের সার্ভিস ভালো দিচ্ছে না। বিটিআরসি এগুলো দেখছে না। আজকে বলেছেন মোবাইল অপারেটর ছাড়া অন্যদের জবাব দিহিতার আওতায় আনা হচ্ছে না। আপনার মন্তব্যটি সঠিক নয়। মোবাইল অপারেটর ছাড়াও Towerco, ICX, NTTN, IGW, Sub Marine Cable যে সকল প্রতিষ্ঠান আছে তাদেরকেও আমরা</p>	
--	--	--	---	--

			<p>জবাবদিহি করছি। e.co কে আমরা এসএমপি ইমপোজ করেছি।</p> <p>Towerco এবং MNO অপারেটরদের নিয়ে আমি তিন দফা মিটিং করেছি। তাদের মধ্যে যে সকল যায়গায় ভুল বুঝাবুঝি ছিলো তা বিলোপ করার জন্য চেষ্টা করে আমি সফল হয়েছি। তার ভিত্তিতে এখন ত্রিপক্ষীয় চুক্তিগুলো হচ্ছে। এ কথাগুলো আপনি বা জনগণ জানে না। এটার মূল কারণ হলো Towerco, ICX, NTTN, IGW, Sub Marine Cable অপারেটরদের কিভাবে রেগুলেট করি, কি শর্ত দেই, কিভাবে একাউন্টেবল করি বা তাদের সংশ্লিষ্টতা মানুষ জানে না। আপনি একটু বুদ্ধিমান, একটু খোজ খবর রাখেন তাই আপনার কাছে তথ্য আছে, তবে তথ্য অসম্পূর্ণ। আপনি বাংলাদেশের নাগরিক হিসাবে আমার অফিসে আসেন, তথ্য অধিকার আইন অনুযায়ী আমি এবং পুরো কমিশন আপনার সকল প্রশ্নের উত্তর দিবো।</p>		
১০	১০	<p>(১) রবি থেকে জিপিতে mnp করে যাই এবং সিমটা ৩ মাস বন্ধ থাকে তখন জিপি সেই সিমটা তাদের নেটওয়ার্ক থেকে বাতিল করে দেয়, কারণ mnp guidelines এ আছে ৩ মাস সিম বন্ধ থাকলে পূর্বের অপারেটরে ফেরত পাঠিয়ে দেওয়ার কথা। কিন্তু এই টাইম ফ্রেমটা অনেক স্বল্প, যার কারণে অনেকেই mnp করে সিম ৩ মাস বন্ধ রাখলেই তার সিমের Access হারিয়ে ফেলছে, যেটা আসলে হওয়া উচিত না, কমপক্ষে ১ বছর সিম ব্যবহার না করলে যেন পূর্বের অপারেটরে ফেরত পাঠিয়ে দেওয়ার হয়, এমন সিদ্ধান্ত নিলে আমরা গ্রাহকরা উপকৃত হবো। এছাড়াও পূর্বের অপারেটরে সিম ফেরত পাঠানোর পরে গ্রাহক আবার সেই সিম কিভাবে ফেরত পাবে এটাও স্পষ্ট করে বলা নাই। এছাড়া আমি যেন</p>	<p>(১) নং প্রশ্নের জবাবে মহাপরিচালক এসএস মহোদয় বলেন, MNP সেবার নির্দেশনা অনুযায়ী একজন গ্রাহক Donor অপারেটর হতে Recipient অপারেটরে পোর্ট-ইন করার ৩ মাস বা ৯০ দিন সিম বন্ধ থাকলে উক্ত সিম তা Donor অপারেটরের নিকট ফেরত আসে। পরবর্তীতে ২০১৯ সালে গ্রাহক স্বার্থ বিবেচনা করে ৯০ দিনের পরিবর্তে ১৮০ দিন করা হয়েছে। MNP Repatriation এর ফলে Recipient অপারেটর থেকে Donor অপারেটর এর নিকট সিম ফেরত আসলে গ্রাহক সংশ্লিষ্ট Donor অপারেটরের কাস্টমার কেয়ার হতে উক্ত সিম পুনরায় নিবন্ধন করতে পারবে। এ বিষয়ে যদি আপনি কিছু বলতে চান, সরাসরি বিটিআরসি তে এসে কথা বলবেন।</p> <p>(*প্যাকেজ ক্রয়ের ক্ষেত্রে ইন্ডিয়া এর উদাহরণ দিয়েছেন ইন্টারনেট কিনলে ভয়েস এবং এসএমএস ফ্রি পাচ্ছেন না।</p>	SS/ E&O	<p>১০ এর ১ নং প্রশ্নের জবাব ইতোপূর্বে প্রদান করা হয়েছে। সংশ্লিষ্ট ব্যক্তি পরবর্তীতে আর যোগাযোগ করে নাই।</p> <p>১০ এর ২ নং * গত ১৮ জুলাই, ২০২৩ খ্রিঃ বিটিআরসি হতে ট্রায়াল ভিত্তিক বাংলালিংক ও টেলিটকের নেটওয়ার্কের মধ্যে ন্যাশনাল রোমিং এর অনুমোদন প্রদান করা হয়। এছাড়া ৪ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ রবি ও টেলিটকের মধ্যে ০৬ (ছয়) মাসের জন্য ন্যাশনাল রোমিং এর অনুমোদন প্রদান করা হয়। অপারেটরদের মধ্যে কমাশিয়ালভাবে ন্যাশনাল রোমিং এর কার্যক্রম প্রক্রিয়ার ক্ষেত্রে লাইসেন্সের বিভিন্ন শর্ত মোতাবেক উক্ত কার্যক্রম বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে।</p> <p>টেস্ট এন্ড ট্রায়েল: দেশে 5G চালুর লক্ষ্যে 5G শর্ত সম্বলিত একীভূত সেলুলার মোবাইল</p>

	<p>বাসায় বসেই sms এর মাধ্যমে আগেই জানতে পারি আমার সিম mnp করার জন্য প্রয়োজ্য কি-না, কারণ কাস্টমার কেয়ারে গিয়ে mnp করতে গেলে যখন ডোনার অপারেটর থেকে reject হয়ে যায়, তখন সেটা ওই মুহুর্তে গ্রাহকের জন্য হয়রানি তৈরি করে। আর mnp sim tax withdraw করলে সবাই এই সেবা নিতে আগ্রহী হবে। কারণ এখন ৩০৫ টাকা লাগে ১ বার mnp করতে।</p> <p>আর পরামর্শ এই থাকবে যে মিনিমাম কলরেট তুলে দিয়ে প্রতিযোগিতা মূলক মার্কেট তৈরি করা, যেন গ্রাহকরা সর্বোচ্চ সুবিধাটা পায়। ভারতসহ বিভিন্ন দেশে কথা বলতে আর টাকা লাগেনা, ইন্টারনেট কিনলে ভয়েস কল ফ্রি, সেখানে পিছিয়ে পড়া বাংলাদেশকে এখনো টাকা দিয়ে ফোন কল করতে হয়। আর ৫জি নিলাম দ্রুত করে, গ্রাহক পর্যায়ে 5G নেটওয়ার্ক পৌঁছে দিতে এখনই কাজ করতে হবে, ভারতের এখনই অনেক শহরে এই সেবা চালু হয়ে গেছে, যেখানে বাংলাদেশ এখনো ৭০০ ও ৩৫০০ MHz এর নিলাম ই সম্পূর্ণ করতে পারেনি, তাহলে অপারেটররা নেটওয়ার্ক স্থাপন আর ইকুইপমেন্টে ইনভেস্ট করবে কখন?</p> <p>আরেকটা পরামর্শ থাকবে, আপনারা মোবাইল ডেটার দাম বেধে দিতে চাচ্ছেন, সেখানেও যেন minimum রেট ঠিক করে দেয়া না হয়, তা নাহলে আর কোন প্রতিযোগিতা থাকবে না। (যে সকল এলাকায় অপারেটরদের নেটওয়ার্ক থাকে না সে সকল এলাকায় আমরা ন্যাশনাল রোমিং সার্ভিস চালু</p>	<p>কিন্তু আমাদের দেশেও কনসো প্যাকেজ আছে। এখানে মিনিট ইন্টারনেট এবং এসএমএস সবই আছে।</p> <p>* ন্যাশনাল রোমিং এটাও কিন্তু লাইসেন্স রিলেটেড বিষয়। বিটিআরসি হতে বিভিন্ন ধরনের লাইসেন্স প্রদান করা হয়েছে এবং সে সকল লাইসেন্সের বিভিন্ন ধরনের শর্ত আছে, সেই শর্ত মোতাবেক BTRC কাজ করছে। ন্যাশনাল রোমিং করা যাবে কি না এটা একটা রাষ্ট্রীয় বিষয়।</p> <p>* Pay per use গ্রাহকের স্বার্থে করা হয়েছে বিপদে যেন গ্রাহক রেগুলার প্যাকেজ ব্যবহার করতে পারে। এখন যদি এটার জন্য গ্রাহক অপশন চায়, তাহলে এ বিষয় নিয়ে কাজ করা যেতে পারে। পরবর্তী গণশুনানির আগে আপডেট পাবেন।)</p> <p>(২) নং প্রশ্নের জবাবে মহাপরিচালক ইএন্ডও মহোদয় বলেন, 5G তরঙ্গের নিলাম হয়নি প্রশ্নকর্তার এ কথাটি সঠিক নয়। আমরা মার্চ, ২০২২ সালে ২৩০০ মে: হা: এবং ২৬০০ মে: হা: ব্যান্ডে নিলাম করেছি। নিলামের মাধ্যমে ২৩০০ মে: হা: ব্যান্ড হতে বাংলালিংক কে ৪০ মে: হা: এবং টেলিটক কে ৩০ মে: হা: এবং ২৬০০ মে: হা: ব্যান্ড হতে গ্রামীণফোন কে ৬০ মে: হা: এবং রবি কে ৬০ মে: হা: তরঙ্গ বরাদ্দ করা হয়েছে।</p> <p>টেক্সট এন্ড ট্রায়েল:</p> <p>সবার আগে টেক্সট এন্ড ট্রায়েল করেছে টেলিটক, তারপর গ্রামীণফোন এবং রবি টেক্সট এন্ড ট্রায়েল করেছে। গ্রামীণফোন সমস্ত বিভাগ একসাথে টেক্সট এন্ড ট্রায়েল করেছে। রবি এবং বাংলালিংক কিছু নির্বাচিত বিভাগে টেক্সট এন্ড ট্রায়েল শেষ করেছে। এখন 5G উপযোগী যন্ত্রপাতি আমদানি করতে হবে। অপারেটরদের সময় দেওয়া আছে মোটামুটি ২০২৩ সাল থেকে ডেপলয়মেন্ট শুরু হবে।</p>	<p>গাইডলাইন চূড়ান্ত অনুমোদন করে গত ১১ মার্চ ২০২৪ তারিখে প্রদান করা হয়েছে। আংশিক 5G সেবা অতিশীঘ্রই চালু করা সম্ভব, তবে, 5G'র পূর্ণাঙ্গ সেবা পেতে ভার্চুয়াল ইনফ্রাস্ট্রাকচার তথা কৃষি, চিকিৎসা, শিক্ষা, ম্যানুফেকচারিং, প্রভৃতি ইনডাস্ট্রির রেডিনেস অত্যন্ত গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে, বাংলাদেশের প্রেক্ষাপট বিবেচনায় 5G প্রযুক্তির ইকোসিস্টেম ব্যবহারের জন্য উপযুক্ত সেক্টর নির্বাচন করার বিষয়ে কমিশন হতে তদারকি করা হচ্ছে।</p> <p>০১। গ্রামীণফোন লিমিটেডকে ইতিমধ্যে VoWifi প্রযুক্তি ব্যবহারের জন্য নিম্নোক্ত শর্তাদি প্রতিপালন করার নির্দেশনা প্রদান করা হয়েছে:</p> <p>ক) গ্রামীণফোন লিমিটেড VoWifi সেবা প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে Voice interception এবং LI Compliance এর Certification কমিটির নিকট প্রদান করবে।</p> <p>খ) VoWifi প্রযুক্তি ব্যবহারের জন্য বর্তমানে ব্যবহৃত হ্যান্ড সেট সমূহ সক্ষমতা রয়েছে এ মর্মে Hand Set Manufacturer এর প্রত্যয়ন।</p> <p>উক্ত শর্তাদি প্রতিপালন করা সাপেক্ষে VoWifi প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে গ্রামীণফোন লিমিটেডকে বাণিজ্যিকভাবে VoWifi সেবা প্রদানের কার্যক্রমের অনুমোদন প্রদান করা হবে।</p> <p>০২। বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশনস লিমিটেড'কে উপরোক্ত শর্তাদি পূরণ এবং কমিশনে Proof of Concept (PoC) করার নির্দেশনা প্রদান করা হয়েছে।</p>
--	---	--	---

		<p>করতে পারি। যেমনঃ যে সকল এলাকায় বাংলালিংক বা টেলিটকের নেটওয়ার্ক থাকে না সে সকল এলাকায় তারা ন্যাশনাল রোমিং সার্ভিস এর মাধ্যমে অন্য অপারেটরের সাথে রোমিং করে ঐ নির্দিষ্ট এলাকা কানেকশন প্রদান করতে পারে। এতে ইন্টারনেট বা এসএমএস প্রেরণের জন্য গ্রাহকের সংযোগ বন্ধ হবে না ও Pay per Use রিলেটেড।)</p> <p>(২) খুব দ্রুত 3.5 গে:হা: এবং ৭০০ মে: হা: ব্যান্ডে স্পেকট্রাম নিলাম করে 5G চালু করা উচিত কারণ ভারতে গত অক্টোবরে চালু হয়ে গেছে এবং ২০২৩ সালের মধ্যে পুরো ভারতে 5G চালু করার জন্য লক্ষ্য নির্ধারণ করছে। বাংলাদেশে এখনো 5G নিলাম সম্পূর্ণ হয়নি।</p> <p>ইনডোরে কাভারেজ থাকে না। যেহেতু আমরা ইনডোরে Wifi ব্যবহার করে থাকি তাই VOWifi সার্ভিস বাংলাদেশে চালু করলে আমরা কল এবং এসএমএস চালিয়ে যেতে পারবো।</p>			
১১	২৫৮	<p>১। চট্টগ্রাম শহরের আগ্রাবাদ থেকে ২নং গেইট পর্যন্ত এলাকা শহরের প্রাণকেন্দ্র বলা যেতে পারে। এ অংশে আমাদের চলাচল থেকে শুরু করে সব কিছু হয়। এ অংশটাকে আমাদের নেটওয়ার্ক ব্যবহার করতে খুব বেশি কষ্ট হয়। বিশেষ করে সন্ধ্যার দিকে আমি 3G পর্যন্ত ব্যবহার করে দেখেছি। 3G তে ১০ কিলো বাইট, ২০ কিলো বাইট এ রকম নেটওয়ার্ক পাওয়া যায়। টেলিটক বাংলাদেশে আসছে ২০০৫ সালে, গ্রাম অঞ্চলে টেলিটক নেটওয়ার্ক ব্যবহার করা খুবই</p>	<p>মহাপরিচালক (ইএন্ডও) মহোদয় বলেন যে, আপনার উল্লিখিত এলাকাসমূহ যেমন: আজাদি বাজার, ফটিকছড়ি এবং শহর এলাকায় নেটওয়ার্ক ভালো আছে কিন্তু গ্রাম এলাকায় নেটওয়ার্ক পাওয়া যায় না। আপনার কথা সত্য। আসলে আমাদের চাহিদা দিন দিন বাড়ছে। আমাদের প্রথম লক্ষ্য হচ্ছে পুরো বাংলাদেশকে নেটওয়ার্কের আওতায় আনা। মানুষকে কানেক্ট করতে হবে। বর্তমানে আমাদের ৯৮% এলাকা নেটওয়ার্কের আওতায় আছে। কিন্তু কোয়ালিটি সব জায়গায় সমান নেই, শহর এলাকায় একটু ভালো যেহেতু জনসংখ্যা বেশি, গ্রাম এলাকার জন ঘনত্ব কম। ফলে গ্রাম এলাকার কোয়ালিটি এখনো</p>	E&O	<p>মহাপরিচালক (ইএন্ডও) মহোদয় বলেন যে, আপনার উল্লিখিত এলাকাসমূহ যেমন: আজাদি বাজার, ফটিকছড়ি এবং শহর এলাকায় নেটওয়ার্ক ভালো আছে কিন্তু গ্রাম এলাকায় নেটওয়ার্ক পাওয়া যায় না। আপনার কথা সত্য। আসলে আমাদের চাহিদা দিন দিন বাড়ছে। আমাদের প্রথম লক্ষ্য হচ্ছে পুরো বাংলাদেশ কে নেটওয়ার্কের আওতায় আনা। মানুষকে কানেক্ট করতে হবে। বর্তমানে আমাদের ৯৭% এলাকা নেটওয়ার্কের আওতায় আছে। কিন্তু কোয়ালিটি সব জায়গায় সমান নেই, শহর এলাকায় একটু ভালো যেহেতু জনসংখ্যা বেশি, গ্রাম</p>

	<p>টাফ। আর রবি আসছে ১৯৯৭ সালে, ২০১৮ সালে 4G আসার পরেও তাদের 3G অতটা উন্নত না। 4G আসার আগে ২০১২-১৪ এ সময়ে রবি ভালো ব্যবহার করা যেতো।</p> <p>২। অনলাইন মাধ্যম থেকে বান্ধ আকারে কিছু এসএমএস আসে যেখানে বলা হয় আপনি ২২৫ টাকা জিতেছেন তার জন্য আপনি *৩২১#, *১২৩# তে ডায়াল করুন। আমরা বুঝতে পারছি বলে ডায়াল করছি না। কিন্তু যারা বুঝে না বা একটু কম শিক্ষিত তারা ডায়াল করার ফলে একটি সার্ভিস চালু হয়ে যাচ্ছে। এ এসএমএস টা কোন মাধ্যম থেকে আসছে সেটা যদি ট্রেস করা যায় তাহলে ভালো হয়।</p> <p>৩। সম্পূরক প্রশ্ন: আমি নিজেও 4G হ্যান্ডসেট ব্যবহার করছি। 4G ব্যবহারের সময় যখন স্পিড পাচ্ছি না তখন নেটওয়ার্ক সুইচ করে 3G ব্যবহার করছি।</p>	<p>আশানুরূপ হয়নি। কিন্তু আমরা ক্রমাগত মোবাইল অপারেটরদের প্রেসারে রেখেছি। আমরা ড্রাইভ টেস্ট এর মাধ্যমে গ্রাম এবং শহর উভয় এলাকা মনিটর করছি। গ্রাম এবং শহর উভয় এলাকায় নেটওয়ার্কের মান উন্নয়ন করার জন্য আমরা মোবাইল অপারেটরদের নির্দেশনা দিয়েছি সে অনুযায়ী নেটওয়ার্কের মান উন্নয়নের কার্যক্রম চলমান আছে।</p> <p>আমরা 3Gতে আর থাকতে পারবো না। ইতোমধ্যে রাজশাহী রিজিওনে একটা মোবাইল অপারেটর 3G নেটওয়ার্ক ডাউন করে ফেলেছে। আর 3G হ্যান্ডসেট আমদানির ক্ষেত্রে আমরা নিরুৎসাহিত করেছি এবং জানুয়ারি থেকে বাংলাদেশে আর 3G হ্যান্ডসেট উৎপাদন হবে না। তাই আমাদের সকলের 4G হ্যান্ডসেট থাকতে হবে। ডেটা সার্ভিস এর জন্য 4G উপযুক্ত হ্যান্ডসেট থাকতে হয়। 4G হ্যান্ডসেট সবার হাতে হাতে পৌছে গেলে মোবাইল অপারেটর যেভাবে স্পিড দিবে ব্যবহারকারী ও সেভাবে স্পিড পাবে। হ্যান্ডসেট একটা বড় ফ্যাক্টর, বর্তমানে ৩৮%-৪০% ব্যবহারকারীর হাতে 4G উপযুক্ত হ্যান্ডসেট আছে। আমরা যে ফ্রিকোয়েন্সিগুলো বরাদ্দ দিয়েছে তা সমস্ত সিস্টেমে স্থাপন করা হলে এবং বিটিএস এর সংখ্যা বাড়ানোর জন্য বিটিআরসি'র নির্দেশনা বাস্তবায়ন হলে 4G সার্ভিসও উন্নত হবে।</p> <p>টেলিটক একটি সরকারি মালিকানাধীন কোম্পানি। তাদের বাজেটে কিছুটা Constraint আছে। তারা বিভিন্ন প্রজেক্ট এর মাধ্যমে নেটওয়ার্কগুলো Expansion করে থাকে। সম্প্রতি চট্টগ্রাম এবং পার্বত্য চট্টগ্রাম সংশ্লিষ্ট এলাকায় একটি প্রজেক্ট হাতে নেওয়া হয়েছে। উক্ত প্রজেক্ট বাস্তবায়ন হলে আশা করা যায় আপনাদের এলাকায় টেলিটকের নেটওয়ার্ক আরো উন্নত হবে।</p>	<p>এলাকার জন ঘনত্ব কম। ফলে গ্রাম এলাকার কোয়ালিটি এখনো আশানুরূপ হয়নি। কিন্তু আমরা ক্রমাগত মোবাইল অপারেটরদের প্রেসারে রেখেছি। আমরা ড্রাইভ টেস্ট এর মাধ্যমে গ্রাম এবং শহর উভয় এলাকা মনিটর করছি। গ্রাম এবং শহর উভয় এলাকায় নেটওয়ার্কের মান উন্নয়ন করার জন্য আমরা মোবাইল অপারেটরদের নির্দেশনা দিয়েছি সে অনুযায়ী নেটওয়ার্কের মান উন্নয়নের কার্যক্রম চলমান আছে।</p> <p>আমরা 3G-তে আর থাকতে পারবো না। ইতোমধ্যে ঢাকা শহরের কিছু জায়গা ব্যতীত সমগ্র বাংলাদেশে একটা মোবাইল অপারেটর 3G নেটওয়ার্ক ডাউন করে ফেলেছে। বাকী মোবাইল অপারেটরও ধীরে ধীরে সমগ্র বাংলাদেশ জুড়ে 3G নেটওয়ার্ক ডাউন করে ফেলছে। আর 3G হ্যান্ডসেট আমদানির ক্ষেত্রে আমরা নিরুৎসাহিত করেছি এবং জানুয়ারি থেকে বাংলাদেশে আর 3G হ্যান্ডসেট উৎপাদিত হচ্ছেনা। এর ফলে 4G হ্যান্ডসেট এর সংখ্যা ধীরে ধীরে বৃদ্ধি পাচ্ছে। ডাটা সার্ভিস এর জন্য 4G উপযুক্ত হ্যান্ডসেট একটি উল্লেখযোগ্য নিয়ামক। বর্তমানে ৬০.৯২% ব্যবহারকারীর হাতে 4G ও 5G উপযুক্ত হ্যান্ডসেট আছে। বিটিআরসি'র বরাদ্দকৃত ফ্রিকোয়েন্সিগুলো টেলিটক ব্যতীত সকল মোবাইল অপারেটর সিস্টেমে স্থাপন করেছে এবং বর্তমানে সারাদেশে ফোরজি eNodeB এর সংখ্যা ৫৭,২১৫ (জানুয়ারি, ২০২৪ খ্রিঃ)। সার্বিকভাবে দেশব্যাপী 4G সার্ভিসের ধীরে ধীরে উন্নতি সাধন হচ্ছে।</p> <p>টেলিটক একটি সরকারি মালিকানাধীন কোম্পানি বিধায় তাদের বাজেটে কিছুটা Constraint আছে। তারা বিভিন্ন প্রজেক্ট এর মাধ্যমে নেটওয়ার্কগুলো Expansion করে থাকে। সম্প্রতি</p>
--	--	---	---

					চট্টগ্রাম এবং পার্বত্য চট্টগ্রাম সংশ্লিষ্ট এলাকায় উপকূলীয়, পার্বত্য ও দুর্গম নামে একটি প্রজেক্ট হাতে নেওয়া হয়েছে। প্রকল্পের আওতায় টেলিটক এর সম্প্রসারণ কার্যক্রম চলমান রয়েছে।
১২	৩	<p>প্রথমত বিটিআরসিকে আমি ধন্যবাদ দিবো, গণশুনানি করবার জন্য মাঠ পর্যায় গ্রাহকের মতামত শুনে সে অনুযায়ী ব্যবস্থা নেওয়ার জন্য।</p> <p>১. আমরা চাই প্রতিটি অপারেটর সব সাইট এ Carrier Aggregation (CA) চালু করে তাদের সব ব্যান্ড এ , যেন CA supported handset এ ইন্টারনেট ব্যবহারে স্পিড এর সমস্যা টি যেন দূর হয়। প্রতিটি অপারেটর দুই এক জায়গায় ছাড়া CA supported নয়।</p> <p>২. প্রতিটি অপারেটর এর সেবার মান ভালো নয়, তারা spectrum যথাযথ ভাবে ব্যবহার করে না। নতুন ২৬০০/২৩০০ MHz band এ এখনো বাংলালিংক দুই এক জায়গায় বাদে কেউই সেবা দিতে শুরু করেনি।</p> <p>৩. আমরা ৪জি তে ভয়েস কল চাই VoLTE, শুধুমাত্র রবি এবং গ্রামীণফোন চালু করেছে বাকি অপারেটর এখনো কোন ইতিবাচক ভূমিকা নেই।</p>	<p>(১) ৪-জি সেলুলার মোবাইল প্রযুক্তিতে রেডিও প্ল্যানিং এর জন্য অন্যতম উদ্ভাবন হলো ক্যারিয়ার এ্যাগ্রিগেশন টেকনিক। ক্যারিয়ার এ্যাগ্রিগেশন প্রযুক্তির মাধ্যমে বিটিএস এর একটি সেলে একাধিক স্পেকট্রাম ব্যান্ড থেকে তরঙ্গ কনফিগার করা যায়। ২০২১ ও ২০২২ সালের তরঙ্গ নিলামের পূর্বে ক্যারিয়ার এ্যাগ্রিগেশন প্রযুক্তি প্রয়োগ করার মত যথেষ্ট তরঙ্গ বরাদ্দ না থাকায় অপারেটরগণ এই প্রযুক্তি দ্বারা রেডিও প্ল্যানিং করতে পারেনি। তবে বর্তমানে যে পরিমাণে তরঙ্গ বরাদ্দ দেওয়া আছে তাতে অপারেটরগণ এই প্রযুক্তি প্রয়োগ করে রেডিও প্ল্যানিং করতে পারবে এবং এই প্রযুক্তি ব্যবহারে অপারেটরদের উদ্বুদ্ধ করা হবে।</p> <p>(২) সেলুলার মোবাইল ফোন সেবার মান উন্নয়নে বিটিআরসি'র কার্যক্রম চলমান রয়েছে। ২০২১ সালের পূর্বে তরঙ্গ বরাদ্দ কম ছিল। কিন্তু গ্রাহক সেবার মান উন্নয়নের জন্য অতিদ্রুত সময়ের মধ্যে দুইটি তরঙ্গ নিলাম সম্পন্ন করা হয়েছে এবং অপারেটরদের যথেষ্ট পরিমাণে তরঙ্গ বরাদ্দ দেওয়া হয়েছে। ২৩০০ ও ২৬০০ মেগাহার্টজ ব্যান্ডের তরঙ্গ অপারেটরগণ ব্যবহার করতে শুরু করেছে। অদূর ভবিষ্যতে যখন এই তরঙ্গ পুরো দেশব্যাপী ব্যবহৃত হবে তখন সার্ভিসের মান আরও উন্নত হবে।</p> <p>(৩) আমরা ৪জি তে ভয়েস কল চাই VoLTE, শুধুমাত্র রবি এবং গ্রামীণফোন চালু করেছে বাকি অপারেটর এখনো কোন ইতিবাচক ভূমিকা নেই। উত্তরঃ VoLTE একটি আধুনিক প্রযুক্তি, এর জন্য সক্ষমতা সম্পন্ন হ্যান্ডসেট এবং ইকোসিস্টেম (অপারেটর ও আইসিএক্স এর প্রস্তুতি) অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমানে দুটো অপারেটর রবি</p>	SM	<p>১.Carrier Aggregation (CA) প্রযুক্তি পর্যায়ক্রমে সমগ্র দেশে ব্যবহার করার বিষয়টি চলমান রয়েছে।</p> <p>২. ২৩০০ ও ২৬০০ মেগাহার্টজ ব্যান্ডের তরঙ্গ deployment চলছে।</p> <p>৩. গ্রামীণফোন, বাংলালিংক ও রবি ইতো মধ্যে VoLTE চালু করেছে।</p>

		<p>আজিয়াটা লিমিটেড এবং গ্রামীণফোন লিমিটেড দেশে VoLTE সার্ভিস প্রদান করছে এবং সেটি তাদের নিজস্ব নেটওয়ার্ক এর মধ্যেই সীমাবদ্ধ (OnNetCall)। আপনারা জানেন ভোল্টি সার্ভিসের জন্য উভয় পক্ষে ভোল্টি অ্যানাবেল হ্যান্ডসেট প্রয়োজন যা গ্রাহক পর্যায়ে একটি বড় চ্যালেঞ্জ। অধিকন্তু,বিটিআরসি হতে মোবাইল অপারেটরসহ সংশ্লিষ্ট স্টেক হোল্ডারদের নিয়ে ইতিমধ্যে সভা সম্পন্ন হয়েছে। অপর দুটি অপারেটর অর্থাৎ বাংলালিংক এবং টেলিটক যেন অচিরেই VoLTE সেবা প্রদান করে সে বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে।</p> <p>প্রশ্নগুলো এসএম বিভাগ সম্পর্কিত যার উত্তর পরিচালক (এসএম) মহোদয় দিয়েছেন। চেয়ারম্যান মহোদয় সম্পূরক উত্তর প্রদান করেছেন এবং মহাপরিচালক (ইএন্ডও) মহোদয় নিম্নোক্ত তরঙ্গ বরাদ্দের চার্ট সকলের অবগতির জন্য সম্পূরক উত্তর হিসাবে তুলে ধরেন।</p> <table><tr><th rowspan="2">Name Of The MNO</th><th colspan="2">Allocated frequency in 2021</th><th rowspan="2">Total Allocated Frequency (Before 2022 Auction) (MHz)</th><th colspan="2">Allocated frequency in 2022</th><th rowspan="2">Total Allocated Frequency (MHz)</th></tr><tr><th>1800 MHz</th><th>2100 MHz</th><th>2300 MHz</th><th>2600 MHz</th></tr><tr><td>GP</td><td>0.4</td><td>10</td><td>47.4</td><td>-</td><td>60</td><td>107.4</td></tr><tr><td>Robi</td><td>2.6</td><td>5</td><td>44</td><td>-</td><td>60</td><td>104</td></tr><tr><td>BL</td><td>4.4</td><td>5</td><td>40</td><td>40</td><td>-</td><td>80</td></tr><tr><td>Teletalk</td><td>-</td><td>-</td><td>25.2</td><td>30</td><td>-</td><td>55.2</td></tr></table>	Name Of The MNO	Allocated frequency in 2021		Total Allocated Frequency (Before 2022 Auction) (MHz)	Allocated frequency in 2022		Total Allocated Frequency (MHz)	1800 MHz	2100 MHz	2300 MHz	2600 MHz	GP	0.4	10	47.4	-	60	107.4	Robi	2.6	5	44	-	60	104	BL	4.4	5	40	40	-	80	Teletalk	-	-	25.2	30	-	55.2		
Name Of The MNO	Allocated frequency in 2021			Total Allocated Frequency (Before 2022 Auction) (MHz)	Allocated frequency in 2022		Total Allocated Frequency (MHz)																																				
	1800 MHz	2100 MHz	2300 MHz		2600 MHz																																						
GP	0.4	10	47.4	-	60	107.4																																					
Robi	2.6	5	44	-	60	104																																					
BL	4.4	5	40	40	-	80																																					
Teletalk	-	-	25.2	30	-	55.2																																					
১৩	২১৬	<p>একটা নির্দিষ্ট সময়ের পরে রিচার্জের ভিত্তিতে সিম কার্ড বন্ধ করে দেওয়া হয় এবং মালিকানা পরিবর্তন করে দেওয়া হয়। তখন যেই ব্যক্তির নামে প্রথমে সিম কার্ডটি রেজিস্ট্রেশন ছিলো তার ব্যক্তিগত তথ্যের নিশ্চয়তা কতটুকু? আর যদি এর কারণে কোন দুর্ঘটনা ঘটে তার দায়িত্ব কে নিবে? কারণ বর্তমানে প্রতিটি বিষয়ের মধ্যে আমাদের</p>	<p>প্রশ্নের জবাবে মহাপরিচালক এসএস মহোদয় বলেন, কোনো একটি সিম নম্বর গ্রাহকের কাছে প্রয়োজনীয় হলে গ্রাহক সেটি নিয়মিত ব্যবহার করে থাকে। কাজেই কোনো সিম ব্যবহার করে গ্রাহক ফেসবুক, হোয়াইটঅ্যাপ, পাসপোর্ট, ভিজিটিং কার্ডসহ অন্যান্য গুরুত্বপূর্ণ কাজে ব্যবহার করে থাকলে সেটি তিনি নিয়মিত ব্যবহার করবেন সেটাই স্বাভাবিক। একটা সিম দীর্ঘদিন বন্ধ থাকলে তা গ্রাহকের আর প্রয়োজন নেই মর্মে প্রতীয়মান হয়। কোনো সিম ৪৫০</p>	SS	-																																						

		<p>নাম্বার ব্যবহার হয়ে থাকে। (যেমনঃ ফেসবুক, হোয়াইটঅ্যাপ, পাসপোর্ট, ভিজিটিং কার্ড ইত্যাদি।) আমাদের ব্যক্তিগত তথ্য নিরাপত্তা নিয়ে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন এর পদক্ষেপ কি?</p>	<p>দিন অব্যবহৃত থাকলে মোবাইল ফোন অপারেটর উক্ত সিমটি রিসাইকেল করতে পারে। তবে রিসাইকেলের পূর্বে সংশ্লিষ্ট মোবাইল ফোন অপারেটর তিনটি জাতীয় দৈনিক এবং তাদের নিজস্ব ওয়েবসাইটে এ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করে থাকে। উক্ত বিজ্ঞপ্তি প্রকাশের ৯০ দিনের মধ্যে গ্রাহক চাইলে ঐ সিমটি পুনরায় ব্যবহার করতে পারে। সেক্ষেত্রে সিমটি রিসাইকেল হবে না। তবে বিজ্ঞপ্তি প্রকাশের ৯০ দিনের মধ্যে গ্রাহক সিমটি ব্যবহার না করলে অর্থাৎ সিমটি যদি ৫৪০ (৪৫০+৯০) দিন অব্যবহৃত থাকে তবে মোবাইল ফোন অপারেটর বিদ্যমান নির্দেশনা অনুযায়ী সিমটি রিসাইকেল করতে পারে।</p> <p>(চেয়ারম্যান মহোদয় বলেন যে, যিনি নতুন ব্যবহারকারী হবেন, তার কাছে শুধু ঐ নাম্বারটা দেওয়া হয় পূর্বের কোন তথ্য তার কাছে যাবে না। ফলে আপনার নিরাপত্তার কোন বিঘ্ন হবে না।)</p>		
১৪	৪৬০	<p>কল ড্রপ বন্ধের ব্যাপারে এবং ইন্টারনেট ব্যবহারের উপর সঠিক নিয়ম কানুন গ্রাহকদের কাছে অবহিত করা যেমন মেয়াদ উত্তীর্ণ হয়ে যাওয়ার পরও অতিরিক্ত অব্যবহৃত ডাটা বিনা কারণে এবং বিনা নোটিশে বাজেয়াপ্ত করা বন্ধ করার বিষয়ে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করা।</p> <p>(ক)পোর্টেট সিম এ প্রতি মাসে নির্দিষ্ট পরিমাণ মিনিট, ডাটা ও এসএমএস নেয়া হয়। কোন কারণে আমাদের মনে থাকে না কবে মেয়াদ শেষ হবে। সে লক্ষ্যে মোবাইল অপারেটর থেকে মেয়াদ শেষ হওয়ার আগে নোটিফিকেশন এর মাধ্যমে জানালে ভালো হয়।)</p>	<p>গত ২৬/০৯/২০২২ তারিখে গ্রাহকের আর্থিক ও মানসিক ক্ষতি বিবেচনায় ক্ষতিপূরণ নিশ্চিতকরণ ও সন্তুষ্টির জন্য মোবাইল অপারেটরসমূহের কলড্রপ তথ্য এবং ক্ষতিপূরণ প্রদান সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনার উল্লেখযোগ্য শর্ত নিম্নরূপঃ</p> <p>(ক) জবাবদিহিতা এবং গ্রাহক সন্তুষ্টি নিশ্চিত করতে সকল মোবাইল অপারেটর অভিন্ন USSD কোডের (*121*765#) মাধ্যমে একজন গ্রাহক পূর্ববর্তী দিন / সপ্তাহ / মাসিক অন-নেট কলড্রপের পরিমাণ জানতে পারবে যা ১ অক্টোবর, ২০২২ খ্রিঃ থেকে কার্যকর করতে হবে।</p> <p>(খ) অন নেট কলড্রপের ক্ষেত্রে গ্রাহকের আর্থিক এবং মানসিক ক্ষতি বিবেচনায় ক্ষতিপূরণ নিশ্চিতকরণ ও সন্তুষ্টি অর্জনের নিমিত্তে ক্ষতিপূরণ হিসেবে দৈনিক ১ম ও ২য় কল ড্রপের ক্ষেত্রে প্রতিটি কল ড্রপের জন্য ৩ টি পালস (৩০ সেকেন্ড) এবং পরবর্তী ৩য় থেকে ৭ম কল ড্রপের ক্ষেত্রে আর্থিক এবং মানসিক ক্ষতি বৃদ্ধির বিষয়টি বিবেচনায় নিয়ে প্রতিটি কল ড্রপের জন্য ৪ টি পালস (৪০</p>	SS	<p>গত ২৬/০৯/২০২২ তারিখে কল ড্রপ ও কল ড্রপের ফলে ক্ষতিপূরণ সংক্রান্ত নির্দেশিকা প্রদানের ফলে কল ড্রপের হলে গ্রাহক যথাযথ ক্ষতিপূরণ পাচ্ছে।</p> <p>“মোবাইল ফোন অপারেটরসমূহের ডাটা এবং ডাটা সংশ্লিষ্ট প্যাকেজ সম্পর্কিত নির্দেশিকা-২০২৩” –এ প্যাকেজের সংখ্যা হ্রাস এবং একই ভলিউমের ভিন্ন মেয়াদের প্যাকেজ ক্রয়ের ক্ষেত্রেও অব্যবহৃত ডাটা বোনাসসহ ক্যারি ফরওয়ার্ডের নির্দেশনা প্রদান করা হয়েছে। ফলে গ্রাহকের অব্যবহৃত ডাটা অক্ষুণ্ণ রাখার সুযোগ বৃদ্ধি পেয়েছে। এছাড়াও গ্রাহকের সুবিধা বিবেচনা করে সকল অপারেটরের তিনটি ভিন্ন ভলিউমের আনলিমিটেড প্যাকেজ ডিজাইনের নির্দেশনা প্রদান করা হয়েছে।</p>

		<p>সেকেন্ড) গ্রাহককে টকটাইম ফেরৎ প্রদান করবে।</p> <p>উপরোল্লিখিত নির্দেশনাসমূহ গত ০১/১০/২০২২ তারিখ হতে বাস্তবায়িত হয়েছে। অপারেটরসমূহ ইতিমধ্যে USSD কোডের (*121*765#) মাধ্যমে কল ড্রপের তথ্য জানার সুবিধা এবং ক্ষতিপূরণ প্রাপ্তির প্রক্রিয়া চালু করেছে।</p> <p>ব্যবহারের জন্য গ্রাহক ডাটা ভলিউম ক্রয় করলেও মূলত তা ব্যবহার করা হয় সেই মোবাইল অপারেটর এর ইনফ্রাস্ট্রাকচার ব্যবহার করে। ফলে মোবাইল অপারেটরসমূহ ক্রয়কৃত ডাটা প্যাক এর ব্যবহারের জন্য সময়সীমা বেধে দেয়। মোবাইল অপারেটরগণ গ্রাহকদের রেগুলার এবং সিসিএসপি দুই ধরনের Data pack অফার করে থাকে। সাধারণত অপারেটরসমূহ Data pack এর মূল্য সিসিএসপি Data pack এর মূল্যের চেয়ে অনেক বেশী হয়। সিসিএসপি অফারগুলো মোবাইল অপারেটরের অতিরিক্ত টেলিকম রিসোর্স ব্যবহার করে তৈরী করা হয় বলে কম মূল্যে কম সময়ের জন্য প্রদান করা সম্ভব হয়। এছাড়াও মেয়াদ শেষ হবার পূর্বে একই ভলিউমের ভিন্ন ভিন্ন মেয়াদের ডাটা প্যাকেজ ক্রয় করলেও ক্যারি ফরওয়ার্ডের সুবিধা রেখে নির্দেশিকা প্রদান করা হয়েছে। এরই সাথে সকল অপারেটরের নির্দিষ্ট কিছু সংখ্যক মেয়াদবিহীন প্যাকেজ চালু করা হয়েছে। গ্রাহক তার প্রয়োজন অনুযায়ী স্বাধীনভাবে যেকোন মেয়াদবিহীন ইন্টারনেট অথবা মেয়াদযুক্ত রেগুলার বা সিসিএসপি প্যাকেজ গ্রহণ করতে পারে।</p> <p>* (চেয়ারম্যান মহোদয় বলেন যে, এ বিষয়ে আমরা মোবাইল অপারেটরের সাথে আলোচনা করব। নতুন করে উদ্যোগ নিতে হবে।)</p>			
১৫	-	<p>একজন গ্রাহকের দীর্ঘদিন ব্যবহৃত সিম রিসাইকেল করার ক্ষেত্রে, ব্যবহারকারীকে অবশ্যই যেন জানানো হয়। বিশেষ করে ব্যবহারকারীর অন্টারনেটিভ কোন নাম্বারে যেন ফোন করে এই বিষয়ে জানানো হয়।</p>	<p>আমরা এ বিষয়টা আবারও বিবেচনা করব। কমিশনের সাথে এ বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত নিব।</p>	SS	<p>বিষয়টি এসএস বিভাগ থেকে পর্যালোচনা করা হয়েছে। বিদ্যমান নির্দেশনা অনুযায়ী কোন সিম রিসাইকেল করার পূর্বে সংশ্লিষ্ট অপারেটরের ওয়েবসাইটে, কাস্টমার কেয়ার সেন্টার, তিনটি জাতীয় দৈনিক এবং বিটিআরসি</p>

					ওয়েবসাইটে বিজ্ঞপ্তি ও নম্বরের তালিকা প্রকাশ করা হয়। কোন নম্বর রিসাইকেল করার পূর্বে প্রতিটি গ্রাহককে ফোন করে জানানো বাস্তব সম্মত নয়।
১৬	-	০১৮১৪৯৭৪৫৬৮ এই নাম্বারটি এমএনপি করতে জিপিতে গিয়েছিলাম। কিন্তু লাইন পাই না। দুইবার জিপি হতে রিপ্লেস করেছি কোন কাজ হয় না। আমার এনআইডি তে দেখা যাচ্ছে জিপিতে আছে। এ বিষয় নিয়ে জিপি কেয়ারে গেলে বলে রবি কেয়ারে যান। রবি কেয়ার বলে জিপি কেয়ারে যান। BTRC তে ফোন দিয়েছিলাম তারা বলে জিপি অভিযোগ এখন নিবে না।	আমরা আপনার বিষয়টা কমপ্লিট শুনানি করতে চাই। আপনি BTRC তে আসুন। আমরা রবি এবং জিপি কে নিয়ে আসব, প্রত্যেকটা জিনিস আমরা দেখব। কে এখানে অপরাধী কার কারণে আপনি এই সেবা থেকে বঞ্চিত হয়েছেন। কমিশন থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করব।	SS	গ্রাহক পরবর্তীতে বিটিআরসি-তে যোগাযোগ করেনি। গ্রাহকের বর্ণিত নম্বরে ফোন করেও গ্রাহককে পাওয়া যায়নি।
১৭	-	5G নেটওয়ার্ক চাই। 5G মোবাইল কিনেছি কিন্তু 5G নেটওয়ার্ক নেই।	মহাপরিচালক (ইএন্ডও) মহোদয় নিম্নোক্ত উত্তর প্রদান করেন: 5G এর জন্য বিটিআরসি হতে ফ্রিকোয়েন্সি বরাদ্দ দেওয়া হয়েছে। টেস্ট এন্ড ট্রায়াল সম্পন্ন হয়েছে এবং খুব শীঘ্রই ডেপ্লয়মেন্ট শুরু হবে। তাছাড়া 5G রোল আউট এর জন্য মোবাইল অপারেটরদের একটি পরিকল্পনা আছে। 5G রোল আউট হওয়া পর্যন্ত গ্রাহকদেরকে ধৈর্য্য ধারণ করার জন্য অনুরোধ রইলো। 5G ভালোভাবে রোল আউট হওয়ার পর আপনারা এ সেবাটি পাবেন। 5G সেবা সাধারণ ব্যবহারের জন্য না এটা বিশেষ উদ্দেশ্যে ইন্ডাস্ট্রিয়াল ব্যবহারের জন্য। তারপরেও আমাদের অনেক কিউরিসিটি থাকে যেহেতু উন্নত বিশ্বে আছে আমরাও ব্যবহার করবো। আমরা আপনার উদ্বেগের প্রশংসা করি তবে একটু ধৈর্য্য ধরতে হবে। আশা করা যায় ২০২৩ সাল নাগাদ আমরা 5G ব্যবহার করতে পারবো।	E&O	5G এর জন্য বিটিআরসি হতে ফ্রিকোয়েন্সি বরাদ্দ দেওয়া হয়েছে। টেস্ট এন্ড ট্রায়াল সম্পন্ন হয়েছে এবং খুব শীঘ্রই ডেপ্লয়মেন্ট শুরু হবে। দেশে 5G চালুকরণের লক্ষ্যে 5G শর্ত সম্বলিত একীভূত সেলুলার মোবাইল গাইডলাইন চূড়ান্ত অনুমোদনের জন্য ২৯ অক্টোবর ২০২৩ খ্রিঃ তারিখে বিটিআরসি হতে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে (পিটিডি) প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে, গত ৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ পিটিডি হতে তা চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়। দেশে 5G চালুর লক্ষ্যে 5G শর্ত সম্বলিত একীভূত সেলুলার মোবাইল গাইডলাইন চূড়ান্ত অনুমোদন করে গত ১১ মার্চ ২০২৪ তারিখে প্রদান করা হয়েছে। আংশিক 5G সেবা অতিশীঘ্রই চালু করা সম্ভব, তবে, 5G'র পূর্ণাঙ্গ সেবা পেতে ভার্চুয়াল ইন্ডাস্ট্রিগলো তথা কৃষি, চিকিৎসা, শিক্ষা, ম্যানুফেকচারিং, প্রভৃতি ইন্ডাস্ট্রির রেডিনেস অত্যন্ত গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে, বাংলাদেশের প্রেক্ষাপট বিবেচনায় 5G প্রযুক্তির ইকোসিস্টেম ব্যবহারের জন্য উপযুক্ত সেক্টর নির্বাচন করার বিষয়ে কমিশন হতে তদারকি করা হচ্ছে।

১৮	-	বাংলালিংক, জিপি, রবি ও এয়ারটেল এ 5G দেন।	<p>মহাপরিচালক (ইএন্ডও) মহোদয় নিম্নোক্ত উত্তর প্রদান করেন:</p> <p>5G এর জন্য বিটিআরসি হতে ফ্রিকোয়েন্সি বরাদ্দ দেওয়া হয়েছে। টেষ্ট এন্ড ট্রায়াল সম্পন্ন হয়েছে এবং খুব শীঘ্রই ডেপ্লয়মেন্ট শুরু হবে। তাছাড়া 5G রোল আউট এর জন্য মোবাইল অপারেটরদের একটি পরিকল্পনা আছে। 5G রোল আউট হওয়া পর্যন্ত গ্রাহকদেরকে ধৈর্য ধারণ করার জন্য অনুরোধ রইলো। 5G ভালোভাবে রোল আউট হওয়ার পর আপনারা এ সেবাটি পাবেন। 5G সেবা সাধারণ ব্যবহারের জন্য না এটা বিশেষ উদ্দেশ্যে ইন্ডাস্ট্রিয়াল ব্যবহারের জন্য। তারপরেও আমাদের অনেক কিউরিসিটি থাকে, যেহেতু উন্নত বিশ্বে আছে, আমরাও ব্যবহার করবো। আমরা আপনার উদ্বেগের প্রশংসা করি তবে একটু ধৈর্য্য ধরতে হবে। আশা করা যায় ২০২৩ সাল নাগাদ আমরা 5G ব্যবহার করতে পারবো।</p>	<p>5G এর জন্য বিটিআরসি হতে ফ্রিকোয়েন্সি বরাদ্দ দেওয়া হয়েছে। টেষ্ট এন্ড ট্রায়াল সম্পন্ন হয়েছে এবং খুব শীঘ্রই ডেপ্লয়মেন্ট শুরু হবে।</p> <p>দেশে 5G চালুকরণের লক্ষ্যে 5G শর্ত সম্বলিত একীভূত সেলুলার মোবাইল গাইডলাইন চূড়ান্ত অনুমোদনের জন্য ২৯ অক্টোবর ২০২৩ খ্রিঃ তারিখে বিটিআরসি হতে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে (পিটিডি) প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে, গত ৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ পিটিডি হতে তা চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়। দেশে 5G চালুর লক্ষ্যে 5G শর্ত সম্বলিত একীভূত সেলুলার মোবাইল গাইডলাইন চূড়ান্ত অনুমোদন করে গত ১১ মার্চ ২০২৪ তারিখে প্রদান করা হয়েছে। আংশিক 5G সেবা অতিশীঘ্রই চালু করা সম্ভব, তবে, 5G'র পূর্ণাঙ্গ সেবা পেতে ভার্টিক্যাল ইন্ডাস্ট্রিগুলো তথা কৃষি, চিকিৎসা, শিক্ষা, ম্যানুফেকচারিং, প্রভৃতি ইন্ডাস্ট্রির রেডিনেস অত্যন্ত গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে, বাংলাদেশের প্রেক্ষাপট বিবেচনায় 5G প্রযুক্তির ইকোসিস্টেম ব্যবহারের জন্য উপযুক্ত সেক্টর নির্বাচন করার বিষয়ে কমিশন হতে তদারকি করা হচ্ছে।</p>
----	---	--	--	--